

চতুর্দশ অধ্যায়

অনুপাত, সদৃশ্যতা ও প্রতিসমতা

অনুশীলনী ১৪.১

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

দুইটি রাশির তুলনা করার জন্য তাদের অনুপাত বিবেচনা করা হয়। অনুপাত নির্ণয়ের জন্য রাশি দুইটি একই এককে পরিমাপ করতে হয়।

■ অনুপাত ও সমানুপাতের ধর্ম :

(i) $a : b = x : y$ এবং $c : d = x : y$ হলে, $a : b = c : d$

(v) $a : b = c : d$ হলে, $ad = bc$ (আড়াগুণন)

(ii) $a : b = b : a$ হলে, $a = b$

(vi) $a : b = x : y$ হলে, $a + b : b = x + y : y$ (যোজন)

(iii) $a : b = x : y$ হলে, $b : a = y : x$ (ব্যস্তকরণ)

এবং $a - b : b = x - y : y$ (বিয়োজন)


(iv) $a : b = x : y$ হলে, $a : x = b : y$ (একান্তরকরণ)

(vii) $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে, $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ (যোজন ও বিয়োজন)

■ জ্যামিতিক সমানুপাত

আমরা ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করতে শিখেছি। এ থেকে দুইটি প্রয়োজনীয় অনুপাতের ধারণা তৈরি করা যায়।

(১) দুইটি ত্রিভুজক্ষেত্রের উচ্চতা সমান হলে, তাদের ক্ষেত্রফল ও ভূমি সমানুপাতিক।




মনে করি, ত্রিভুজক্ষেত্র ABC ও DEF এর ভূমি যথাক্রমে $BC = a$, $EF = d$ এবং উভয় ক্ষেত্রের উচ্চতা h ।

সুতরাং, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(a \times h)$, ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(d \times h)$

অতএব, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল : ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2}a \times h : \frac{1}{2}d \times h = a : d = BC : EF$ ।

(২) দুইটি ত্রিভুজক্ষেত্রের ভূমি সমান হলে, তাদের ক্ষেত্রফল ও উচ্চতা সমানুপাতিক।



মনে করি, ত্রিভুজক্ষেত্র ABC ও DEF এর উচ্চতা যথাক্রমে $AP = h$, $DQ = k$ এবং উভয়ক্ষেত্রের ভূমি b ।

সুতরাং, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(b \times h)$, ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(b \times k)$

অতএব, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল : ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(b \times h) : \frac{1}{2}(b \times k) = h : k = AP : DQ$

■ অনুসিদ্ধান্ত ১। ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল কোনো রেখা যদি AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে,

তবে $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$ এবং $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$ হবে।

সমাধান : সাধারণ নির্বাচন : ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল কোনো রেখা যদি AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে তবে, $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$

এবং $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$ হবে।

বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এর BC বাহুর সমান্তরাল DE রেখাংশ AB ও AC বাহুদ্বয়কে অথবা তাদের বর্ধিতাংশদ্বয়কে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$ এবং $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$ ।

অঙ্কন : B, E এবং C, D যোগ করি।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) $\triangle ABC$ এবং $\triangle ADC$ একই উচ্চতা বিশিষ্ট।

$$\therefore \frac{\triangle ABC}{\triangle ADC} = \frac{AB}{AD}$$

[একই উচ্চতা বিশিষ্ট ত্রিভুজসমূহের ক্ষেত্রফল ভূমির সমানুপাতিক]

(২) $\frac{\triangle ABC}{\triangle ABE} = \frac{AC}{AE}$

[একই]

(৩) কিন্তু $\triangle BDE = \triangle DEC$

[এরা একই ভূমি DE এর একই পাশে একই সমান্তরাল যুগলের মধ্যে অবস্থিত।]

$$\therefore \triangle ADE + \triangle BDE = \triangle ADE + \triangle DEC$$

বা, $\triangle ABE = \triangle ADC$

$$\therefore \frac{\triangle ABC}{\triangle ADC} = \frac{\triangle ABC}{\triangle ABE}$$


(৪) $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$

[১নং ও ২নং হতে]

(৫) $\frac{AB}{AB - AD} = \frac{AC}{AC - AE}$

[১নং, ২নং ও ৩নং হতে]

$$\text{বা, } \frac{AB}{BD} = \frac{AC}{DE} \text{ (প্রমাণিত)}$$



■ অনুসিদ্ধান্ত ২। ত্রিভুজের কোনো বাহুর মধ্যবিন্দু দিয়ে অপর এক বাহুর সমান্তরাল রেখা তৃতীয় বাহুকে সমদ্বিখণ্ডিত করে।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, ত্রিভুজের কোনো বাহুর মধ্যবিন্দু দিয়ে

অপর এক বাহুর সমান্তরাল রেখা তৃতীয় বাহুকে সমদ্বিখণ্ডিত করে।

বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এর AB বাহুর মধ্যবিন্দু E। E বিন্দু দিয়ে BC বাহুর

সমান্তরাল EF সরলরেখা AC কে F বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, $AF = FC$ ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) $\triangle ABC$ এ $EF \parallel BC$


[ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল সরলরেখা অপর বাহুদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে]

$$\therefore \frac{AE}{BE} = \frac{AF}{FC}$$

(২) $\frac{AF}{FC} = \frac{AE}{AE} = 1$

[$AE = BE$]


(৩) $AF = FC$ (প্রমাণিত)



অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১। কোনো ত্রিভুজের ভূমি সংলগ্ন কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকদ্বয় বিপরীত বাহু দুইটিকে X ও Y বিন্দুতে ছেদ করে। XY ভূমির সমান্তরাল হলে প্রমাণ কর যে, ত্রিভুজটি সমদ্বিবাহু।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এর ভূমি সংলগ্ন কোণদ্বয় $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় বিপরীত বাহু AC ও AB কে যথাক্রমে X ও Y বিন্দুতে ছেদ করে। তাহলে XY ভূমি BC এর সমান্তরাল। প্রমাণ করতে হবে যে, $\triangle ABC$ সমদ্বিবাহু অর্থাৎ, $AB = AC$ ।

অঙ্কন : X, Y যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\triangle ABC$ এর $\angle B$ এর সমদ্বিখণ্ডক BX

$$\therefore AB : BC = AX : XC \dots\dots\dots(i)$$


[উপপাদ্য ৩]

(২) আবার, $\triangle ABC$ এ $\angle C$ এর সমদ্বিখণ্ডক CY

- $\therefore AC : CB = AY : YB$ (ii) [উপপাদ্য ৩]
- (৩) যেহেতু $XY \parallel BC$
 $\therefore AX : XC = AY : YB$ (iii) [উপপাদ্য ১]
- (৪) অতএব, $AC : CB = AX : XC$(iv) [(ii) ও (iii) থেকে]
- (৫) তাহলে, $AB : BC = AC : CB$ [(i) ও (iv) থেকে]
- বা, $AB : BC = AC : BC$
 $\therefore AB = AC$
 সুতরাং $\triangle ABC$ সমদ্বিবাহু। (প্রমাণিত)

প্রশ্ন ১২ ১ প্রমাণ কর যে, কতকগুলো পরস্পর সমান্তরাল সরলরেখাকে দুইটি সরলরেখা ছেদ করলে অনুরূপ অংশগুলো সমানুপাতিক হবে।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, কতকগুলো পরস্পর সমান্তরাল সরলরেখাকে দুইটি সরলরেখা ছেদ করলে অনুরূপ অংশগুলো সমানুপাতিক হবে।



বিশেষ নির্বচন : মনে করি, AB, CD ও EF তিনটি সমান্তরাল সরলরেখা। GH ও PQ সরলরেখা দুইটি উক্ত সরলরেখা তিনটিকে যথাক্রমে K, L, M ও R, S, T বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, $KL : LM = RS : ST$


অঙ্কন : K, T যোগ করি। KT রেখা CD কে O বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ :

- ধাপসমূহ
- (১) $\triangle KMT$ এ $LO \parallel MT$ [উপপাদ্য ১]
 $\therefore KL : LM = KO : OT$ (i)
- (২) আবার, $\triangle TKR$ এ $OS \parallel KR$ [উপপাদ্য ১]
 $\therefore KO : OT = RS : ST$ (ii)
- (৩) অতএব $KL : LM = RS : ST$ [(i) ও (ii) থেকে] (প্রমাণিত)

প্রশ্ন ১৩ ১ প্রমাণ কর যে, ট্রাপিজিয়ামের কর্ণদ্বয় তাদের ছেদবিন্দুতে একই অনুপাতে বিভক্ত হয়।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, ট্রাপিজিয়ামের কর্ণদ্বয় তাদের ছেদবিন্দুতে একই অনুপাতে বিভক্ত হয়।



বিশেষ নির্বচন : মনে করি, ABCD ট্রাপিজিয়ামের AB ও CD বাহুদ্বয় সমান্তরাল যেখানে $AB < CD$ । AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $AO : OC = BO : OD$ ।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

- (১) যেহেতু $AB \parallel CD$ এবং AC ও BD তাদের ছেদক [অঙ্কন]
 $\therefore \angle BAC = \angle ACD$ [একান্তর কোণ]
 এবং $\angle ABD = \angle BDC$ [একান্তর কোণ]

(২) $\triangle AOB$ ও $\triangle COD$ -এ

$$\angle OAB = \angle OCD.$$

$$\text{এবং } \angle OBA = \angle ODC$$

$$\angle AOB = \angle COD$$

$$\therefore \triangle AOB \text{ ও } \triangle COD \text{ সদৃশকোণী।}$$

(৩) সুতরাং, $\triangle AOB$ ও $\triangle COD$ সদৃশ।


$$\therefore AO : OC = BO : OD$$

[\therefore সদৃশ ত্রিভুজের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।]

(প্রমাণিত)

প্রশ্ন ১৪ ১ প্রমাণ কর যে, ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল।



বিশেষ নির্বচন : মনে করি, ABCD ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় AD ও BC। E ও F যথাক্রমে AD ও BC এর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, EF রেখা AB ও CD এর সমান্তরাল।

অঙ্কন : AD ও BC কে বর্ধিত করি যেন তা P বিন্দুতে মিলিত হয়।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\triangle PAB$ এ $CD \parallel AB$

$$\therefore \frac{PD}{DA} = \frac{PC}{CB}$$

[উপপাদ্য ১]

$$\text{বা, } \frac{PD}{2DE} = \frac{PC}{2CF}$$

[\therefore E ও F যথাক্রমে AD ও BC এর মধ্যবিন্দু]

$$\text{বা, } \frac{PD}{DE} = \frac{PC}{CF}$$

$$\therefore EF \parallel DC$$
 (i)

[উপপাদ্য ২]

(২) কিন্তু $DC \parallel AB$ ।


$$\therefore EF \parallel AB.$$

[(i) থেকে]

অর্থাৎ, EF রেখাটি AB এবং DC উভয় রেখার সমান্তরাল। (প্রমাণিত)

প্রশ্ন ১৫ ১ ABC ত্রিভুজের AD ও BE মধ্যমাদ্বয় পরস্পর G বিন্দুতে ছেদ করেছে। G বিন্দুর মধ্য দিয়ে অঙ্কিত DE এর সমান্তরাল রেখাংশ AC কে F বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $AC = 6EF$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABC ত্রিভুজের AD ও BE মধ্যমা দ্বয় পরস্পর G বিন্দুতে ছেদ করেছে। G বিন্দুর মধ্য দিয়ে অঙ্কিত DE এর সমান্তরাল GF রেখা AC কে F বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $AC = 6EF$ ।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\triangle ADE$ -এর $GF \parallel DE \therefore \frac{AG}{GD} = \frac{AF}{FE}$ [উপপাদ্য ১]

(২) $AG : GD = 2 : 1$ [\because G ভরকেন্দ্র, যা AD ও BE মধ্যমা দ্বয়ের ছেদবিন্দু এবং মধ্যমা দ্বয়কে 2 : 1 অনুপাতে বিভক্ত করে]

বা, $\frac{AG}{GD} = \frac{2}{1}$

বা, $\frac{AF}{FE} = \frac{2}{1}$

বা, $\frac{AF + FE}{FE} = \frac{2 + 1}{1}$ [যোজন করে]

বা, $\frac{AE}{FE} = \frac{3}{1} \therefore AE = 3FE$

অর্থাৎ, $AE = 3FE$

(৩) কিন্তু, $AC = 2AE$ [E, AC এর মধ্যবিন্দু বলে]


$\therefore AC = 2.3FE$

বা, $AC = 6FE$

$\therefore AC = 6EF$ (প্রমাণিত)

প্রশ্ন ১৬ ৥ $\triangle ABC$ এর BC বাহুয় যেকোনো বিন্দু X এবং AX রেখায় O একটি বিন্দু। প্রমাণ কর যে, $\triangle AOB : \triangle AOC = BX : XC$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ এর BC বাহুয় যেকোনো বিন্দু X এবং AX রেখায় O একটি বিন্দু। প্রমাণ করতে হবে যে, $\triangle AOB : \triangle AOC = BX : XC$

অঙ্কন : B, O ও C, O যোগ করি। A এবং O বিন্দু থেকে BC এর ওপর যথাক্রমে h ও k লম্ব অঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\frac{\triangle ABX}{\triangle ACX} = \frac{\frac{1}{2} \cdot BX \cdot h}{\frac{1}{2} \cdot XC \cdot h}$ [\because ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমি \times উচ্চতা]

(২) আবার, $\frac{\triangle OBX}{\triangle OCX} = \frac{\frac{1}{2} \cdot BX \cdot k}{\frac{1}{2} \cdot XC \cdot k}$ [একই কারণে]

(৩) এখন, $\frac{\triangle ABX - \triangle OBX}{\triangle ACX - \triangle OCX} = \frac{\frac{1}{2} \cdot BX \cdot h - \frac{1}{2} \cdot BX \cdot k}{\frac{1}{2} \cdot XC \cdot h - \frac{1}{2} \cdot BX \cdot k}$


বা, $\frac{\triangle AOB}{\triangle AOC} = \frac{\frac{1}{2} \cdot BX \cdot (h - k)}{\frac{1}{2} \cdot XC \cdot (h - k)}$

$\therefore \frac{\triangle AOB}{\triangle AOC} = \frac{BX}{XC}$

(৪) অতএব, $\triangle AOB : \triangle AOC = BX : XC$ (প্রমাণিত)

প্রশ্ন ১৭ ৥ $\triangle ABC$ এর $\angle A$ এর সমদ্বিখন্ডক BC কে D বিন্দুতে ছেদ করে। BC এর সমান্তরাল কোনো রেখাংশ AB ও AC কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $BD : DC = BE : CF$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ এর $\angle A$ এর সমদ্বিখন্ডক BC কে D বিন্দুতে ছেদ করেছে। BC এর সমান্তরাল EF রেখাংশ AB ও AC কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $BD : DC = BE : CF$ ।

অঙ্কন : $\angle A$ এর সমদ্বিখন্ডক AD অঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\triangle ABC$ -এ AD, $\angle BAC$ এর সমদ্বিখন্ডক

$\therefore \frac{BD}{DC} = \frac{BA}{AC}$ [উপপাদ্য ৩]

(২) যেহেতু, $EF \parallel BC$

$\therefore \frac{AE}{BE} = \frac{AF}{CF}$ [উপপাদ্য ১]

বা, $\frac{AE + BE}{BE} = \frac{AF + CF}{CF}$ [যোজন করে]

বা, $\frac{AB}{BE} = \frac{AC}{CF}$


বা, $\frac{AB}{AC} = \frac{BE}{CF}$ [একান্তর করে]

(৩) অতএব, $\frac{BD}{DC} = \frac{BE}{CF}$ [(১) নং থেকে]

$\therefore BD : DC = BE : CF$ (প্রমাণিত)

প্রশ্ন ১৮ ৥ ABC ও DEF সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের উচ্চতা AM ও DN হলে প্রমাণ কর যে, $AM : DN = AB : DE$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABC ও DEF সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের উচ্চতা AM ও DN অর্থাৎ, $AM \perp BC$ এবং $DN \perp EF$ । প্রমাণ করতে হবে যে, $AM : DN = AB : DE$

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) $\triangle ABC$ ও $\triangle DEF$ -এ

$$\angle AMB = \angle DNE \quad [\text{প্রত্যেকে সমকোণ।}]$$

$$\therefore AM \perp BC, DN \perp EF$$

(২) আবার, $\angle ABM = \angle DEN$ $[\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশকোণী বলে $\angle B = \angle E]$

এবং অবশিষ্ট $\angle BAM =$ অবশিষ্ট $\angle EDN$

\therefore ত্রিভুজদ্বয় সদৃশকোণী। সুতরাং এরা সদৃশ।


(৩) আবার, আমরা জানি, দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে।

$$\therefore \frac{AB}{DE} = \frac{AM}{DN}$$

অর্থাৎ, $AM : DN = AB : DE$ (প্রমাণিত)

গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১.



চিত্রে $BC \parallel DE$

নিচের কোনটি সঠিক?

[কু. বো. '১৫]

ক) $AB : BC = AD : DE$ ● $AD : DB = AE : EC$

গ) $BC : DE = AD : AE$ ঘ) $AD : DE = AE : CD$

২. $\triangle ABC$ -এ $BC \parallel DE$, $AE = 4$ একক, $CE = 2$ একক এবং $BC = 7$ একক হলে, $DE =$ কত একক?

[ম. বো. '১৫]

ক) 3.43 (প্রায়) গ) 3.50 (প্রায়) ● 4.67 (প্রায়) ঘ) 5.00 (প্রায়)

অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪.১ : অনুপাত ও সমানুপাতের ধর্ম

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩. $a : b = x : y$ এবং $c : d = x : y$ হলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) $a : x = b : y$ গ) $c : x = b : y$
 ● $a : b = c : d$ ঘ) $a : y = b : x$

৪. $a : b = b : a$ হলে নিচের কোনটি সঠিক? (সহজ)

- $a = b$ গ) $a : b$ ঘ) $b : a$ ঘ) $\frac{a}{b}$

৫. $a : b = c : d$ হলে নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) $ac = bd$ গ) $ab = cd$
 ঘ) $ab = bd$ ● $ad = bc$

৬. $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ গ) $\frac{ab}{b} = \frac{cd}{c}$
 ঘ) $\frac{a+b}{ab} = \frac{c+d}{cd}$ ঘ) $ac = bd$


৭. দুটি ত্রিভুজ ক্ষেত্রের উচ্চতা সমান হলে তাদের ক্ষেত্রফল কী হবে? (সহজ)

- ক) সমান গ) অসমান ঘ) দ্বিগুণ ● সমানুপাতিক

৮. দুটি ত্রিভুজ ক্ষেত্রের উচ্চতা সমান হলে তাদের ভূমি কী হবে? (সহজ)

- ক) সমান গ) অসমান ঘ) লম্ব ● সমানুপাতিক

৯.



$\triangle ABC$ -এর ক্ষেত্রফল : $\triangle DEF$ -এর ক্ষেত্রফল = কত? (সহজ)

- ক) $a : h$ গ) $h : a$
 ● $BC : EF$ ঘ) $AB : EF$


১০. দুটি ত্রিভুজের ভূমি সমান হলে ক্ষেত্রফলের অনুপাত কী হবে? (সহজ)

- সমানুপাতিক গ) সমান
 ঘ) অসমান ঘ) বর্গমূলের সমান

১১. সমান ভূমিবিশিষ্ট দুইটি ত্রিভুজের উচ্চতা যথাক্রমে 2 সে.মি. ও 4 সে.মি. হলে তাদের ক্ষেত্রফল নিচের কোনটি? (মধ্যম)

- ক) 2 : 3 ● 1 : 2 ঘ) 3 : 8 ঘ) 4 : 3


১২.



$\triangle ABC$ এর ক্ষেত্রফল কী হবে? (সহজ)

- ক) ah বর্গ একক ● $\frac{1}{2} ah$ বর্গ একক
 ঘ) $2ah$ বর্গ একক ঘ) $\frac{1}{2} ah$ একক

১৩.



চিত্রে, DE রেখাংশ $\triangle ABC$ এর BC বাহুর সমান্তরাল। DE, AB ও AC বাহুদ্বয়কে অথবা তাদের বর্ধিতাংশদ্বয়কে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করেছে।


তাহলে কোনটি সঠিক? (মধ্যম)

- ক) $AD : AB = AC : BC$ ● $AD : DB = AE : EC$
 ঘ) $AD : DE = AE : CD$ ঘ) $AD : AE = BE : CD$

১৪. ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল কোনো রেখা যদি AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে তবে নিচের কোনটি সঠিক হবে? (মধ্যম)

ক) $\frac{AB}{AD} = \frac{AE}{AC}$ গ) $\frac{AC}{AE} = \frac{AD}{AB}$ ● $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$ ঘ) $\frac{AD}{AB} = \frac{AC}{AE}$

১৫.



চিত্রে, $BC \parallel PQ$, $AP = 5$ সে.মি., $BP = 10$ সে.মি. এবং $AQ = 8$ সে.মি. হলে, $QC =$ কত সে.মি.? (মধ্যম)

ক) 12 গ) 15 ● 16 ঘ) 18

ব্যাখ্যা : $\frac{AP}{BP} = \frac{AQ}{QC}$ বা, $\frac{5}{10} = \frac{8}{QC}$ বা, $5QC = 80 \therefore QC = 16$


১৬. $\triangle ABC$ -এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E হলে, নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) $BC = DE$ ● $BC \parallel DE$
গ) $AD = BC$ ঘ) $AE = BC$

১৭. ABC সমদ্বিবাহু ত্রিভুজের $AB = AC = 12$ সে.মি.। BC বাহুর মধ্যবিন্দু D এবং BA \parallel DE যেখানে E বিন্দু AC বাহুর ওপর অবস্থিত। $AE =$ কত সে.মি.? (মধ্যম)

ক) 4 ● 6 গ) 8 ঘ) 12

১৮.



চিত্রে, BF ও CE যথাক্রমে $\angle B$ ও $\angle C$ -এর সমদ্বিখণ্ডক এবং $BC \parallel EF$ হলে, নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক) $AB = BC$ ● $AB = AC$
গ) $AC = BC$ ঘ) $BC = EF$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. $a : b = x : y$ হলে—

- i. $b : a = y : x$ (ব্যস্তকরণ)
ii. $a : x = b : y$ (আড়গুণন)
iii. $ay = bx$ (আড়গুণন)

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. $a : b = c : d$ হলে, $ad = bc$ (আড়গুণন)
ii. $a : b = x : y$ হলে, $a + b : b = x + y : y$ [যোজন]
iii. $\frac{p}{q} = \frac{e}{f}$ হলে, $\frac{p+q}{p-q} = \frac{e+f}{e-f}$ [যোজন-বিয়োজন]

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii গ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

২১. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. দুটি ত্রিভুজের উচ্চতা সমান হলে এদের ক্ষেত্রফল সমান

ii. দুটি ত্রিভুজ ক্ষেত্রের উচ্চতা সমান হলে এদের ক্ষেত্রফল সমানুপাতিক

iii. দুটি ত্রিভুজ ক্ষেত্রের উচ্চতা সমান হলে এদের ভূমি পরস্পর সমানুপাতিক হবে

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii গ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

২২. $a : b = 5 : 3$ হলে—

- i. $a + b : b = 8 : 3$
ii. $a - b : b = 2 : 3$
iii. $\frac{a+b}{a-b} = \frac{8}{2}$


নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii গ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

ব্যাখ্যা : $a : b = 5 : 3$

বা, $\frac{a}{b} = \frac{5}{3}$ বা, $\frac{a+b}{a-b} = \frac{5+3}{5-3}$ বা, $\frac{a+b}{a-b} = \frac{8}{2}$

২৩.



$AD : BD = AE : CE$ হলে—


- i. $BC = DE$
ii. $BC \parallel DE$
iii. $\angle BED = \angle CDE$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii গ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রের আলোকে ২৪-২৬ নং প্রশ্নের উত্তর দাও :



২৪. \triangle ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল কী হবে? (সহজ)

ক) bh বর্গ একক ● $\frac{1}{2}bh$ বর্গ একক
গ) $2bh$ বর্গ একক ঘ) $\frac{1}{4}bh$ বর্গ একক


২৫. \triangle ক্ষেত্র DEF এর ক্ষেত্রফল কী হবে? (সহজ)

ক) ah বর্গ একক গ) $\frac{1}{4}ah$ বর্গ একক
● $\frac{1}{2}ah$ বর্গ একক ঘ) $4ah$ বর্গ একক

২৬. $\triangle ABC$ এর ক্ষেত্রফল : $\triangle DEF$ এর ক্ষেত্রফল সমান নিচের কোনটি? (কঠিন)

● $BC : EF$ গ) $AB : DE$
গ) $AC : DF$ ঘ) $ab : \frac{1}{2}dh$


নিচের তথ্যের আলোকে ২৭-২৯ নং প্রশ্নের উত্তর দাও :



AB = 20 সে.মি. এবং AD = 12 সে.মি. এবং DE || BC।

২৭. $\frac{AC}{AE} =$ কত? (মধ্যম)
- ক) $\frac{5}{4}$ ● $\frac{20}{12}$ গ) $\frac{12}{20}$ ঘ) $\frac{4}{5}$
২৮. $\frac{AE}{CE} =$ কত? (মধ্যম)
- $\frac{12}{8}$ ক) $\frac{3}{8}$ গ) $\frac{8}{3}$ ঘ) $\frac{8}{12}$
২৯. $\frac{AC}{CE} =$ কত? (সহজ)
- ক) $\frac{8}{20}$ ক) $\frac{10}{20}$ ● $\frac{20}{8}$ ঘ) $\frac{5}{8}$

নিচের তথ্যের আলোকে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :




৩০. x এর মান কত? (কঠিন)
- ক) 3 ক) 4
● 5 ঘ) 6
- ব্যাখ্যা : $\triangle ADE$ ও $\triangle ABC$ সদৃশ
 $\therefore \frac{AD}{AB} = \frac{DE}{BC}$
 $\therefore \frac{3}{5} = \frac{4}{x}$ বা, $x = \frac{5 \times 4}{3} = 6.67$
৩১. y এর মান কত? (কঠিন)
- 2.67 ক) 2.76
গ) 3.58 ঘ) 4.35
- ব্যাখ্যা : $\frac{AC}{AE} = \frac{AB}{AD}$
 বা, $\frac{4+y}{4} = \frac{5}{3}$ বা, $4+y = \frac{20}{3}$
 বা, $y = \frac{20}{3} - 4 = \frac{20-12}{3} = \frac{8}{3} = 2.67$

নির্বাচিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. দুইটি ত্রিভুজের ভূমিদ্বয়ের দৈর্ঘ্য সমান হলে, তাদের ক্ষেত্রফল কিসের সমানুপাতিক?

- ক) শিরকোণদ্বয়ের ক) লম্বদ্বয়ের
গ) পরিসীমাদ্বয়ের ● উচ্চতাদ্বয়ের

৩৩.



চিত্রে, AB = 5 সে. মি. AC = 8 সে. মি. AD = 4 সে. মি., BC = 10 সে. মি. হলে, $\triangle ABC$ এর উচ্চতা ও ভূমির অনুপাত কত?

- ক) $\frac{1}{2}$ ক) $\frac{4}{5}$ ● $\frac{2}{5}$ ঘ) $\frac{5}{4}$

৩৪. SCHOOL শব্দের কোন কর্ণের অসংখ্য প্রতিসাম্য বেগ রয়েছে?

- ক) S ক) C গ) H ● O

৩৫. দুটি সমান ত্রিভুজক্ষেত্রের ভূমিদ্বয়সমান হলে তাদের উচ্চতাদ্বয় পরস্পর-

- ক) সমান ● অসমান
গ) সমানুপাতিক ক) ব্যাস্তানুপাতিক

৩৬. দুটি ত্রিভুজ সদৃশকোণী হলে সমান সমান কোণ দুইটিকে বলা হয়-

- ক) একান্তর কোণ ● অনুরূপ কোণ
গ) সমান্তর কোণ ক) বিপ্রতীপ কোণ


৩৭. দুটি ত্রিভুজের বাহুগুলি সমানুপাতিক হলে ত্রিভুজদ্বয় -

- ক) সমকোণী ● সদৃশকোণী গ) সর্বসম ক) বাস্তুকোণী

৩৮. $\triangle ABC$ এর BC বাহুর সমান্তরাল কোনো রেখা AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করলে কোনটি সঠিক?

- AD, BD = AE, CE ক) AB, BD = AC, CE
গ) AB, AC = BC, DE ঘ) AD, AE = CE, BD

নিচের তথ্যের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও :



DE || BC হলে-


৩৯. BC এর দূরত্ব কত?

- ক) 2 ক) 3 ● 5 ঘ) 6

৪০. CE = কত?

- ক) 295 ● 2.67 গ) 4.5 ঘ) 3.33

নিচের তথ্যের আলোকে ৪১-৪৩ নং প্রশ্নের উত্তর দাও :



৪১. BC বাহুর ওপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল কত?

- ক) 19 বর্গ সে. মি. ● 17.64 বর্গ সে. মি.
গ) 10 বর্গ সে. মি. ঘ) 20 বর্গ সে. মি.

৪২. AD এর দৈর্ঘ্য কত?


- ক) 7.8 সে. মি. ক) 8 সে. মি.
গ) 6 সে. মি. ● 72 বর্গ সে. মি.

৪৩. $\triangle ABC$ এর ক্ষেত্র ফল কত?

- ক 7.2 বর্গ সে. মি. ● 15.12 বর্গ সে. মি.
 গ 20 বর্গ সে. মি. ক্র 22 বর্গ সে. মি.

নিচের তথ্যের আলোকে ৪৪ ও ৪৫ নং প্রশ্নের উত্তর দাও :

$\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ



৪৪. $AB : DE =$ কত?

- 1 : 1 ক্র 1 : 2 গ 2 : 1 ক 4 : 1

৪৫. $\left(\frac{AB}{DE} \times \frac{BC}{EF}\right) + \left(\frac{AC}{DF}\right) =$ কত?

- 1 : 2 ক্র 1 : 4 গ 1 : 8 ক 2 : 3


অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-১ ▶ ABC ও DEF দুইটি ত্রিভুজ যাদের উচ্চতা সমান।

- ক. চিত্র ঝাঁক এবং দেখাও যে, ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত তাদের ভূমিদ্বয়ের অনুপাতের সমান। ২
 খ. PQ রেখাংশ ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল হলে প্রমাণ কর, $AP : BP = AQ : CQ$ । ৪
 গ. $AB = 6$ সে.মি., $AC = 4$ সে.মি. এবং $AP = 2$ সে.মি. হলে AQ এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

▶▶ ১নং প্রশ্নের সমাধান ▶▶

ক.



মনে করি, ত্রিভুজক্ষেত্র ABC ও DEF এর ভূমি যথাক্রমে BC ও EF এবং উচ্চতা যথাক্রমে AH ও DG যেখানে, $AH = DG = h$

সুতরাং $\triangle ABC : \triangle DEF$

$$= \left(\frac{1}{2} \times BC \times AH\right) : \left(\frac{1}{2} \times EF \times DG\right)$$


$$= (BC \times h) : (EF \times h)$$

$$= BC : EF$$

∴ ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত তাদের ভূমিদ্বয়ের অনুপাতের সমান।

(দেখানো হলো)

খ.



PQ রেখাংশ AB ও AC বাহুদ্বয়কে অথবা তাদের বর্ধিতাংশদ্বয়কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে,

$$AP : BP = AQ : CQ$$

অঙ্কন : P, C ও Q, B যোগ করি।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) $\triangle APQ$ ও $\triangle BPQ$ একই উচ্চতা বিশিষ্ট। [‘ক’ এর প্রমাণ]

$$\therefore \frac{\triangle APQ}{\triangle BPQ} = \frac{AP}{BP}$$

(২) আবার, $\triangle APQ$ ও $\triangle CPQ$ একই উচ্চতা বিশিষ্ট।

$$\therefore \frac{\triangle APQ}{\triangle CPQ} = \frac{AQ}{CQ}$$

[‘ক’ এর প্রমাণ]

(৩) কিন্তু $\triangle BPQ = \triangle CPQ$

[একই ভূমি PQ ও একই

সমান্তরাল যুগলের মধ্যে অবস্থিত]

$$\therefore \frac{\triangle APQ}{\triangle BPQ} = \frac{\triangle APQ}{\triangle CPQ}$$

$$(৪) \text{ অতএব, } \frac{AP}{BP} = \frac{AQ}{CQ}$$

অর্থাৎ, $AP : BP = AQ : CQ$

গ. দেওয়া আছে, $AB = 6$ সে.মি.

‘খ’ থেকে আমরা পাই, (চিত্র-১)

$$AP : BP = AQ : CQ$$

$$\text{বা, } \frac{AP}{BP} = \frac{AQ}{CQ}$$

$$\text{বা, } \frac{BP}{AP} = \frac{CQ}{AQ}$$

[বিপরীতকরণ করে]

$$\text{বা, } \frac{BP + AP}{AP} = \frac{CQ + AQ}{AQ}$$

[যোজন করে]

$$\text{বা, } \frac{AB}{AP} = \frac{AC}{AQ}$$

$$\text{বা, } AQ = \frac{AC \times AP}{AB}$$

$$= \frac{4 \times 2}{6} \text{ সে.মি.}$$

$$= 1.3 \text{ সে.মি.}$$

$$\therefore AQ = 1.3 \text{ সে.মি.}$$

প্রশ্ন-২ ▶ দেওয়া আছে, DE রেখাংশ $\triangle ABC$ এর BC বাহুর সমান্তরাল এবং

$$AB : AD = AC : AE.$$

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি ঝাঁক। ২

খ. AP রেখাংশ অন্তঃস্থ $\angle A$ কে সমদ্বিখন্ডিত করে এবং

BC বাহুকে P বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,

$$BP : CP = AB : AC.$$


৪

গ. $AB = 14$ সে.মি., $AQ = 8$ সে.মি. ও $CP = 4$


সে.মি. হলে, ΔABC এর পরিসীমা নির্ণয় কর। 8

▶▶ ২নং প্রশ্নের সমাধান ▶▶

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি আঁকা হলো।



খ.



দেওয়া আছে, AP রেখাংশ ΔABC এর অন্তঃস্থ $\angle A$ কে সমদ্বিখণ্ডিত করে এবং BC বাহুকে P বিন্দুতে ছেদ করে।

অঙ্কন : AP রেখাংশের সমান্তরাল করে C বিন্দু দিয়ে এরূপ CQ রেখাংশ অঙ্কন করি যেন তা BA বাহুর বর্ধিতাংশকে Q বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপসমূহ	যথার্থতা
(১) ΔBCQ -এর $QC \parallel AP$ $BA : QA = BP : CP$	[অঙ্কন] [‘ক’ এর প্রমাণ]
(২) যেহেতু $PA \parallel CQ$ এবং BQ ও AC তাদের ছেদক $\therefore \angle AQC = \angle BAP$ এবং $\angle ACQ = \angle CAP$	[অনুরূপ কোণ] [একান্তর কোণ]
(৩) কিন্তু $\angle BAP = \angle CAP$ $\angle ACQ = \angle AQC$ $\therefore AC = AQ$	[স্বীকার]
(৪) $BA : QA = BP : CP$ বা, $AB : AQ = BP : CP$ বা, $AB : AC = BP : CP$ $\therefore BP : CP = AB : AC$ (প্রমাণিত)	[ধাপ-১] [ধাপ-৩]

গ. দেওয়া আছে, $AB = 14$ সে.মি.

$$AQ = 8 \text{ সে.মি.}$$

$$CP = 4 \text{ সে.মি.}$$

‘খ’ অংশ থেকে পাই, $BP : CP = AB : AC$

$$\text{বা, } \frac{BP}{CP} = \frac{AB}{AC}$$

$$\text{বা, } \frac{BP}{CP} = \frac{AB}{AQ} \quad [AC = AQ = 10 \text{ সে.মি.}]$$

$$\text{বা, } BP = \frac{CP \times AB}{AQ} = \frac{4 \times 14}{8}$$

$$\therefore BP = 7 \text{ সে.মি.}$$

$$\therefore BC = BP + CP = (7 + 4) \text{ সে.মি.} = 11 \text{ সে.মি.}$$

এখন, ΔABC -এর পরিসীমা $2S = AB + AC + BC$

$$\text{বা, } 2S = (14 + 8 + 11) \text{ সে.মি.}$$

$$\text{বা, } 2S = 33 \text{ সে.মি.}$$

$$\text{বা, } S = \frac{33}{2} \text{ সে.মি.}$$

$$\therefore S = 16.5 \text{ সে.মি.}$$

প্রশ্ন-৩ ▶ ABC একটি ত্রিভুজ। $\angle A$ এর সমদ্বিখণ্ডক রেখা AD যা BC কে D বিন্দুতে ছেদ করে।

ক. উপরের তথ্যের আলোকে চিত্র আঁক। ২




খ. প্রমাণ কর যে, $BD : DC = BA : AC$ 8


গ. যদি $BD : DC = BA : AC$ হয় তবে প্রমাণ কর যে, AD রেখাই $\angle BAC$ এর সমদ্বিখণ্ডক। 8

▶▶ ৩নং প্রশ্নের সমাধান ▶▶

ক. উপরের তথ্যের ভিত্তিতে চিত্র নিচে দেওয়া হলো—



খ. দেওয়া আছে, AD রেখাংশ ΔABC এর অন্তঃস্থ $\angle A$ কে সমদ্বিখণ্ডিত করে BC বাহুকে D বিন্দুতে ছেদ করে। দেখাতে হবে $BD : DC = BA : AC$.



অঙ্কন : DA রেখাংশের সমান্তরাল C বিন্দু দিয়ে CE রেখাংশ অঙ্কন করি। যেন তা বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপসমূহ	যথার্থতা
১. যেহেতু $DA \parallel CE$ এবং BC ও AC তাদের ছেদক $\angle AEC = \angle BAD$ এবং $\angle AEC = \angle CAD$	[অঙ্কন] [অনুরূপ কোণ]
২. কিন্তু $\angle BAD = \angle CAD$ $\therefore \angle AEC = \angle ACE$ $\therefore AC = AE$	[স্বীকার] [উপপাদ্য ১]
৩. আবার, যেহেতু $DA \parallel CE$, $\therefore \frac{BD}{DC} = \frac{BA}{AE}$	
৪. কিন্তু $AE = AC$ $\therefore \frac{BD}{DC} = \frac{BA}{AC}$ $\therefore BD : DC = BA : AC$ (প্রমাণিত)	[ধাপ (২)]

গ. দেওয়া আছে, ABC ত্রিভুজের A বিন্দু থেকে অঙ্কিত AD সরল রেখাংশ BC বাহুকে D বিন্দুতে এরূপে অন্তঃস্থভাবে বিভক্ত করেছে যে, $BD : DC = BA : AC$.

প্রমাণ করতে হবে যে, AD রেখাংশ $\angle BAC$ এর সমদ্বিখন্ডক অর্থাৎ $\angle BAD = \angle CAD$.

অঙ্কন : DA রেখাংশের সমান্তরাল করে C বিন্দু দিয়ে এরূপ CE রেখাংশ অঙ্কন করি যেন তা BA বাহুর বর্ধিতাংশকে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :


ধাপসমূহ	যথার্থতা
১. $\triangle BCE$ এর $DA \parallel CE$	[অঙ্কন]
$\therefore BA : AE = BD : DC$	[উপপাদ্য ১]
২. কিন্তু $BD : DC = BA : AC$	[স্বীকার]
$\therefore BA : AE = BA : AC$	
$\therefore AE = AC$	
অতএব $\angle ACE = \angle AEC$	[সমদ্বিবাহু ত্রিভুজের ভূমিসংলগ্ন কোণ দুইটি সমান।]
৩. কিন্তু $\angle AEC = \angle BAD$	[অনুরূপ কোণ]
এবং $\angle ACE = \angle CAD$	[একান্তর কোণ]
অতএব, $\angle BAD = \angle CAD$	[ধাপ ২ থেকে]
অর্থাৎ AD রেখাংশ $\angle BAC$ এর সমদ্বিখন্ডক। (প্রমাণিত)	

$\angle OBC =$ একান্তর $\angle ODA$, $\angle OCB =$ একান্তর $\angle OAD$ এবং $\angle BOC =$ বিপ্রতীপ $\angle AOD$

সুতরাং $\triangle BOC$ ও $\triangle AOD$ সদৃশকোণী এবং সদৃশ।

$\therefore \frac{AO}{OC} = \frac{DO}{OB}$ (প্রমাণিত) [দুইটি সদৃশ ত্রিভুজের অনুরূপ বাহুগুলো সমনুপাতিক।]

গ.



অঙ্কন : AB এর মধ্যবিন্দু E এবং CD এর মধ্যবিন্দু F আঁকি। E, F যোগ করি। BA ও CD কে বর্ধিত করলে S বিন্দুতে ছেদ করে।

প্রমাণ : E, AB এর মধ্যবিন্দু

$\therefore AE = BE$

এখন, $AB = BE + AE = 2AE$

আবার, F, CD এর মধ্যবিন্দু।

$\therefore CF = DF$

এখন, $DC = 2DF$

আমরা জানি, ত্রিভুজের কোনো একবাহুর সমান্তরাল সরলরেখা অপর দুই বাহুকে সমান অনুপাতে বিভক্ত করে।

এখন, $\triangle SBC$ এ $AD \parallel BC$

$\therefore \frac{AK}{AB} = \frac{DS}{DC}$

বা, $\frac{AS}{2AE} = \frac{DS}{2DF}$

বা, $\frac{AS}{AE} = \frac{DS}{DF}$ [উভয়পক্ষে 2 দ্বারা গুণ করে]

আমরা জানি, কোনো সরলরেখা ত্রিভুজের দুইবাহুকে সমান অনুপাতে বিভক্ত করলে, উক্ত সরলরেখা ত্রিভুজটির তৃতীয় বাহুর সমান্তরাল হবে।

এখন, $\triangle KEF$ এ $\frac{AK}{AE} = \frac{KD}{DF}$

$\therefore AD \parallel EF$

দেওয়া আছে, $AD \parallel BC$

$\therefore AD \parallel BC \parallel EF$


অর্থাৎ EF, AD এবং BC সমান্তরাল (প্রমাণিত)

প্রশ্ন-৪ ▶ ABCD একটি ট্রাপিজিয়ামের কর্ণ, AC ও BD পরস্পর O বিন্দুতে ছেদ করে।

- ক. উপরিউক্ত তথ্যানুযায়ী চিত্র অঙ্কন কর। ২
- খ. প্রমাণ কর যে, ট্রাপিজিয়ামের কর্ণদ্বয় O বিন্দুতে একই অনুপাতে বিভক্ত হয়। ৪
- গ. প্রমাণ কর যে, BA ও CD বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল। ৪

▶▶ ৪নং প্রশ্নের সমাধান ▶▶


ক.



খ. $\triangle BOC$ ও $\triangle AOD$ -এ

নির্বাচিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-৫ ▶



চিত্রে $DE \parallel BC$ এবং D ও E হলো AB ও AC বাহুর মধ্যবিন্দু।

- ক. $\triangle ADE$ এর ক্ষেত্রফল 5 বর্গ সে.মি. হলে $\triangle ABC$ এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের চিত্রের আলোকে প্রমাণ কর যে,

$$AD : BD = AE : EC. \quad 8$$

গ. উদ্দীপকের DBCE একটি ট্রাপিজিয়াম। প্রমাণ কর DBCE ট্রাপিজিয়ামের তীর্যক বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল। ৪

▶▶ ৬নং প্রশ্নের সমাধান ▶▶

- ক. $\triangle ABC$ এর AB ও BC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E হওয়া ত্রিভুজ $\triangle ADE$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ ($\triangle ABC$ এর ক্ষেত্রফল)


দেওয়া আছে, $\triangle ADE$ এর ক্ষেত্রফল 5 বর্গ সে.মি.

$\therefore \triangle ABC$ এর ক্ষেত্রফল = $4 \times \triangle ADE$ এর ক্ষেত্রফল
= 4×5 বর্গ সে.মি.
= 20 বর্গ সে.মি.

খ. অনুশীলনী ১৪.১ এর উপপাদ্য ১ দেখ।

গ. অনুশীলনী ১৪.১ এর ৪ নং সমাধান দেখ।

প্রশ্ন-৬ ▶



উপরিউক্ত ত্রিভুজদ্বয়ের AX ও DY যথাক্রমে BC ও EF এর ওপর লম্ব।

- ক. সমানুপাতের ব্যস্তকরণ ও একান্তকরণ ধর্ম লেখ। ২
- খ. $AX = DY$ হলে প্রমাণ কর যে, $\triangle ABC : \triangle DEF = BC : EF$ 8
- গ. $AX \neq DY$ এবং ত্রিভুজদ্বয় সদৃশকোণী হলে প্রমাণ কর

যে, $AX : DY = AB : DE$

8

◀◀ ৬নং প্রশ্নের সমাধান ▶▶

ক. সমানুপাতের ব্যস্তকরণ ধর্মটি হলো—

$a : b = x : y$ হলে, $b : a = y : x$

সমানুপাতের একান্তকরণ ধর্ম হলো—

$a : b = x : y$ হলে, $a : x = b : y$

খ. ত্রিভুজক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রে $AX = DY$ হলে অর্থাৎ এদের উচ্চতা সমান হলে, তাদের ক্ষেত্রফল ও ভূমি সমানুপাতিক হবে।

এখানে, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল = $\frac{1}{2} BC \times AX$

এবং ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল = $\frac{1}{2} EF \times DY$

অতএব $\triangle ABC : \triangle DEF = \frac{1}{2} BC \times AX : \frac{1}{2} EF \times DY$

অর্থাৎ $\triangle ABC : \triangle DEF = BC : EF$ [$\because AX = DY$] (প্রমাণিত)

গ. অনুশীলনী ১৪.১ এর ৮ নং সমাধান দ্রষ্টব্য।

সৃজনশীল প্রশ্নব্যংক উত্তরসহ

প্রশ্ন-৭ ▶ $\triangle ABC$ এর $\angle A$ এর সমদ্বিখন্ডক BC কে D বিন্দুতে ছেদ করে। BC এর সমান্তরাল কোনো রেখাংশ AB ও AC কে যথাক্রমে E ও F বিন্দুতে ছেদ করে।

- ক. সংক্ষিপ্ত বিবরণসহ চিত্র আঁক। ২
- খ. প্রমাণ কর $BD : DC = BE : CF$ 8
- গ. BC কে ভূমি ধরে, $\triangle ABC$ -এর লম্ব 18 সে.মি., $AE = 12$ সে.মি., $AF = 10$ সে.মি. এবং $BD = 6$ সে.মি. হলে, $\triangle ABC$ এর ক্ষেত্রফল নির্ণয় কর। 8

উত্তর : গ. 99 বর্গ সে.মি.।

প্রশ্ন-৮ ▶ EF সরলরেখা $\triangle ABC$ এর AB ও AC বাহুকে বা তার বর্ধিতাংশকে E ও F বিন্দুতে সমান অনুপাতে বিভক্ত করে।

- ক. প্রদত্ত তথ্যানুযায়ী $\triangle ABC$ এর চিত্র আঁক। ২

খ. AD রেখা $\triangle ABC$ এর মধ্যমা এবং, BC রেখা D বিন্দুতে ছেদ করলে দেখাও যে, $EF \parallel BC$. 8

গ. E, AB এর মধ্যবিন্দু এবং $EF \parallel BC$ হলে প্রমাণ কর যে, EF রেখা AC রেখাকে সমদ্বিখন্ডিত করে। 8

প্রশ্ন-৯ ▶ PQRS একটি ট্রাপিজিয়াম যেখানে $PQ > RS$, $PQ \parallel RS$ এবং PS ও QR বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N.

ক. চিত্র এঁকে বর্ণনা লেখ এবং তির্যক বাহুদ্বয়ের মধ্যবিন্দু চিহ্নিত করে যোগ কর। ২

খ. প্রমাণ কর, তির্যক বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোগ রেখাংশ সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল। 8


গ. ট্রাপিজিয়ামের মধ্যে $MN \parallel DF$ আঁক যেন $PS : SD = 9 : 4$ হয়। $QE = 6$ সে.মি. হলে, RE এর মান বের কর। 8

অনুশীলনী ১৪.২

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

■ সদৃশতা (Similarity)

সদৃশকোণী বহুভুজ : সমান সংখ্যক বাহুবিশিষ্ট দুইটি বহুভুজের একটির কোণগুলো যদি ধারাবাহিকভাবে অপরটির কোণগুলোর সমান হয়, তবে বহুভুজ দুইটিকে সদৃশকোণী (equiangular) বলা হয়।




সদৃশ বহুভুজ : সমান সংখ্যক বাহুবিশিষ্ট দুইটি বহুভুজের একটির শীর্ষবিন্দুগুলোকে যদি ধারাবাহিকভাবে অপরটির শীর্ষবিন্দুগুলোর সঙ্গে এমনভাবে মিল করা যায় যে, বহুভুজ দুইটির (১) অনুরূপ কোণগুলো সমান হয় এবং (২) অনুরূপ বাহুগুলোর অনুপাতগুলো সমান হয়, তবে বহুভুজ দুইটিকে সদৃশ (Similar) বহুভুজ বলা হয়।

দুইটি ত্রিভুজের শীর্ষবিন্দুগুলোর কোণ মিলকরণের ফলে সদৃশতার সংজ্ঞায় উল্লিখিত শর্ত দুইটির একটি সত্য হলে অপরটিও সত্য হয় এবং ত্রিভুজ দুইটি সদৃশ হয়। অর্থাৎ সদৃশ ত্রিভুজ সর্বদা সদৃশকোণী এবং সদৃশকোণী ত্রিভুজ সর্বদা সদৃশ।

দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে এবং এদের কোনো একজোড়া অনুরূপ বাহু সমান হলে ত্রিভুজদ্বয় সর্মসম হয়। দুইটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত ধ্রুবক।

■ নির্দিষ্ট অনুপাতে রেখাংশের বিভক্তিকরণ

সমতলে দুইটি ভিন্ন বিন্দু A ও B এবং m ও n যেকোনো স্বাভাবিক সংখ্যা হলে আমরা স্বীকার করে নিই যে, AB রেখায় এমন অনন্য বিন্দু X আছে যে, X বিন্দুটি A ও B বিন্দুর অন্তর্বর্তী এবং $AX : XB = m : n$.



ওপরের চিত্রে, AB রেখাংশ X বিন্দুতে $m : n$ অনুপাতে অন্তর্বিন্দু হতেছে। তাহলে, $AX : XB = m : n$.


অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ নিচের তথ্যগুলো লক্ষ কর :

- দুইটি রাশির তুলনা করার জন্য তাদের অনুপাত বিবেচনা করা হয়
- অনুপাত নির্ণয়ের জন্য রাশি দুইটি একই এককে পরিমাপ করতে হয়
- অনুপাত নির্ণয়ের ক্ষেত্রে রাশি দুটি একই জাতীয় হতে হয়

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ● i, ii ও iii



উপরের চিত্রের তথ্যানুসারে (২ ও ৩) নং প্রশ্নের উত্তর দাও :

প্রশ্ন ১২ ΔABC এর উচ্চতা ও ভূমির অনুপাত কত?

- ক. $\frac{1}{2}$ খ. $\frac{4}{5}$ ● $\frac{2}{5}$ ঘ. $\frac{5}{4}$

ব্যাখ্যা : $\frac{AD}{BC} = \frac{4}{10} = \frac{2}{5}$


প্রশ্ন ১৩ ΔABD এর ক্ষেত্রফল কত বর্গ একক?

- 6 খ. 20 গ. 40 ঘ. 50

ব্যাখ্যা : ΔABD এ, $BD = \sqrt{AB^2 - AD^2} = \sqrt{5^2 - 4^2} = 3$

$\therefore \Delta ABD = \frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ একক

প্রশ্ন ১৪ ১ $\triangle ABC$ -এ $PQ \parallel BC$ হলে নিচের কোনটি সঠিক?




- $AP : PB = AQ : QC$ খ. $AB : PQ = AC : PQ$
 গ. $AB : AC = PQ : BC$ ঘ. $PQ : BC = BP : BQ$

প্রশ্ন ১৫ ১ একটি বর্গের সর্বোচ্চ (মোট) কতটি প্রতিসাম্য রেখা আছে?

- ক. ১০টি খ. ৪টি গ. ৬টি ● ৮টি

প্রশ্ন ১৬ ১ প্রমাণ কর যে, দুইটি ত্রিভুজের প্রত্যেকটি যদি তৃতীয় একটি ত্রিভুজের সদৃশ হয়, তবে তারা পরস্পর সদৃশ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ ও $\triangle DEF$ উভয়ই $\triangle PQR$ -এর সদৃশ।

অর্থাৎ, $\angle A = \angle P$, $\angle B = \angle Q$, $\angle C = \angle R$

এবং $\frac{AB}{PQ} = \frac{BC}{QR} = \frac{AC}{PR}$

আবার, $\angle D = \angle P$, $\angle E = \angle Q$, $\angle F = \angle R$

এবং $\frac{DE}{PQ} = \frac{EF}{QR} = \frac{DF}{PR}$

প্রমাণ করতে হবে যে, $\triangle ABC$ ও $\triangle DEF$ পরস্পর সদৃশ।

প্রমাণ :

ধাপ যথার্থতা


(১) $\triangle ABC$ ও $\triangle PQR$ সদৃশ
 $\therefore \angle A = \angle P$, $\angle B = \angle Q$ এবং $\angle C = \angle R$ [প্রদত্ত শর্ত অনুযায়ী]

(২) আবার, $\triangle DEF$ ও $\triangle PQR$ সদৃশ
 $\therefore \angle D = \angle P$, $\angle E = \angle Q$ এবং $\angle F = \angle R$ [প্রদত্ত শর্ত অনুযায়ী]

(৩) অতএব, $\angle A = \angle D$, $\angle B = \angle E$ এবং $\angle C = \angle F$
 $\therefore \triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশকোণী
 $\therefore \triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ১৭ ১ প্রমাণ কর যে, দুইটি সমকোণী ত্রিভুজের একটির একটি সূক্ষ্মকোণ অপরটির একটি সূক্ষ্মকোণের সমান হলে, ত্রিভুজ দুইটি সদৃশ হবে।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ ও $\triangle DEF$ দুইটি সমকোণী ত্রিভুজের $\angle B$ ও $\angle E =$ এক সমকোণ এবং $\angle C = \angle F$ ।

প্রমাণ করতে হবে যে, $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ।

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle ABC$ ও $\triangle DEF$ -এ

$\angle B = \angle E$ [উভয়ই সমকোণ]

(২) $\angle C = \angle F$ [প্রদত্ত শর্তানুসারে]

(৩) অবশিষ্ট $\angle A =$ অবশিষ্ট $\angle D$


$\therefore \triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশকোণী

$\therefore \triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ

অর্থাৎ, ত্রিভুজ দুইটি সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ১৮ ১ প্রমাণ কর যে, সমকোণী ত্রিভুজের সমকোণিক শীর্ষ থেকে অতিভুজের উপর লম্ব আঁকলে যে দুইটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন হয়, তারা পরস্পর সদৃশ এবং প্রত্যেকে মূল ত্রিভুজের সদৃশ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ একটি সমকোণী ত্রিভুজ। এর $\angle A =$ এক সমকোণ এবং BC -এর অতিভুজ। সমকোণিক শীর্ষ A থেকে অতিভুজ BC -এর উপর AD লম্ব। প্রমাণ করতে হবে যে,

$\triangle ABD$ ও $\triangle ACD$ সদৃশ এবং $\triangle ABD$ ও $\triangle ACD$ উভয়ই $\triangle ABC$ -এর সদৃশ।

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle ABC$ ও $\triangle ABD$ -এর মধ্যে
 $\angle BAC = \angle ADB$ [প্রত্যেকে সমকোণ]

$\angle ABC = \angle ABD$ [সাধারণ কোণ]

\therefore অবশিষ্ট $\angle ACB =$ অবশিষ্ট $\angle BAD$

$\therefore \triangle ABC$ ও $\triangle ABD$ পরস্পর সদৃশকোণী

$\therefore \triangle ABC$ ও $\triangle ABD$ সদৃশ

(২) আবার, $\triangle ABC$ ও $\triangle ACD$ -এর মধ্যে
 $\angle BAC = \angle ADC$ [প্রত্যেকে সমকোণ]

$\angle ACB = \angle ACD$ [সাধারণ কোণ]

\therefore অবশিষ্ট $\angle ABC =$ অবশিষ্ট $\angle CAD$

$\therefore \triangle ABC$ ও $\triangle ACD$ পরস্পর সদৃশকোণী

$\therefore \triangle ABC$ ও $\triangle ACD$ সদৃশ

(৩) যেহেতু, $\triangle ABC$ ও $\triangle ABD$ সদৃশ [১নং থেকে]

আবার, $\triangle ABC$ ও $\triangle ACD$ সদৃশ [২নং থেকে]


$\therefore \triangle ABD$ ও $\triangle ACD$ সদৃশ [১ ও ২নং তুলনা করে]

সুতরাং, $\triangle ABD$ ও $\triangle ACD$ পরস্পর সদৃশ এবং মূল


$\triangle ABC$ -এর সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ১৯ ১ পাশের চিত্রে, $\angle B = \angle D$ এবং

$CD = 4AB$ । প্রমাণ কর যে, $BD = 5AB$



সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\angle B = \angle D$ এবং $CD = 4AB$ প্রমাণ করতে হবে যে, $BD = 5BL$

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle ABL$ ও $\triangle CDL$ -এর মধ্যে

$\angle B = \angle D$ [দেওয়া আছে]

$\angle ALB = \angle CLD$ [বিপ্রতীপ কোণ বলে]

\therefore অবশিষ্ট $\angle BAL =$ অবশিষ্ট $\angle LCD$

$\therefore \triangle ABL$ ও $\triangle CDL$ সদৃশকোণী

সুতরাং এরা সদৃশ।

(২) যেহেতু $\triangle ABL$ ও $\triangle CDL$ সদৃশ

$\therefore \frac{DC}{AB} = \frac{DL}{BL}$ [উপপাদ্য ৫]

বা, $\frac{DC + AB}{AB} = \frac{DL + BL}{BL}$ [যোজন করে]

বা, $\frac{4AB + AB}{AB} = \frac{BD}{BL}$


বা, $\frac{5AB}{AB} = \frac{BD}{BL}$

বা, $5 = \frac{BD}{BL}$

$\therefore BD = 5BL$ (প্রমাণিত)

প্রশ্ন ১০ ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত একটি রেখাংশ BC বাহুকে M বিন্দুতে এবং DC বাহুর বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $BM \times DN$ একটি ধ্রুবক।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ABCD সামান্তরিকের A শীর্ষ থেকে একটি রেখাংশ BC বাহুকে M বিন্দুতে এবং DC বাহুর বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, $BM \times DN$ একটি ধ্রুবক।

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle ABM$ ও $\triangle ADN$ -এ

$\angle BAM = \angle AND$ [একান্তর কোণ]

$\angle ABM = \angle ADN$ [সামান্তরিকের বিপরীত কোণ বলে]

\therefore অবশিষ্ট $\angle AMB =$ অবশিষ্ট $\angle DAN$

$\therefore \triangle ABM$ ও $\triangle ADN$ পরস্পর সদৃশকোণী

সুতরাং তারা সদৃশ।

(২) যেহেতু $\triangle ABM$ ও $\triangle ADN$ সদৃশ

$\therefore \frac{BM}{AD} = \frac{AB}{DN}$

বা, $BM \times DN = AB \times AD$

(৩) কিন্তু AB ও AD, ABCD সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহু। সুতরাং AB ও AD নির্দিষ্ট এবং তাদের গুণফল ধ্রুবক।


$\therefore BM \times DN =$ ধ্রুবক

অর্থাৎ, $BM \times DN$ একটি ধ্রুবক। (প্রমাণিত)


প্রশ্ন ১১ পাশের চিত্রে $BD \perp AC$

এবং $DQ = BQ = 2AQ = \frac{1}{2}QC$.

প্রমাণ কর যে, $DA \perp DC$.



সমাধান :



বিশেষ নির্বচন : চিত্রে দেওয়া আছে $BD \perp AC$ এবং $DQ = BQ = 2AQ = \frac{1}{2}QC$

QC, প্রমাণ করতে হবে যে, $DA \perp DC$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) ABQ ও ADQ সমকোণী ত্রিভুজদ্বয়ে,

$BQ = DQ$

এবং AQ সাধারণ

$\therefore \triangle ABQ \cong \triangle ADQ$

$\therefore AB = AD$

$\therefore \angle ABQ = \angle ADQ$

(২) আবার, $BQ = 2AQ$

বা, $\frac{AQ}{BQ} = \frac{1}{2}$

এবং $DQ = \frac{1}{2}QC$

বা, $\frac{DQ}{QC} = \frac{1}{2}$

$\therefore \frac{AQ}{BQ} = \frac{DQ}{QC} = \frac{1}{2}$

$\therefore \frac{AQ}{DQ} = \frac{BQ}{QC}$ এবং $\angle AQB = \angle DQC$

$\therefore \triangle ABQ$ ও $\triangle DQC$ সদৃশ

$\therefore \angle BAQ = \angle QDC$

(৩) আবার, $\angle ADC = \angle ADQ + \angle QDC$

বা, $\angle ADC = \angle ABQ + \angle BAQ$

কিন্তু $\angle ABQ + \angle BAQ = 90^\circ$


[$\therefore \angle AQB = 90^\circ$]

$\therefore \angle ADC = 90^\circ$

$\therefore DA \perp DC$ (প্রমাণিত)

প্রশ্ন ১২ ১ $\triangle ABC$ ও $\triangle DEF$ এর $\angle A = \angle D$ । প্রমাণ কর যে, $\triangle ABC \sim \triangle DEF = AB.AC : DE.DF$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ ও $\triangle DEF$ এর $\angle A = \angle D$ । প্রমাণ করতে হবে যে, $\triangle ABC : \triangle DEF = AB.AC : DE.DF$

অঙ্কন : C ও F বিন্দু থেকে AB ও DE-এর ওপর যথাক্রমে CP ও FQ লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle ACP$ ও $\triangle DFQ$ -এর মধ্যে
 $\angle A = \angle D$ [দেওয়া আছে]
 $\angle APC = \angle DQF$ [প্রত্যেকে সমকোণ]
 \therefore অবশিষ্ট $\angle ACP =$ অবশিষ্ট $\angle DFQ$

$\therefore \triangle ACP$ ও $\triangle DFQ$ সদৃশকোণী

$\therefore \triangle ACP$ ও $\triangle DFQ$ সদৃশ

(২) যেহেতু $\triangle ACP$ ও $\triangle DFQ$ সদৃশ

$\therefore \frac{AC}{DF} = \frac{CP}{FQ}$ [উপপাদ্য-৫]

(৩) এখন, $\frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{\frac{1}{2} AB.CP}{\frac{1}{2} DE.FQ}$

বা, $\frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{AB.CP}{DE.FQ} = \frac{AB}{DE} \cdot \frac{CP}{FQ}$

বা, $\frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{AB}{DE} \cdot \frac{AC}{DF}$ [[২] থেকে]

$\therefore \triangle ABC : \triangle DEF = AB.AC : DE.DF$ (প্রমাণিত)

প্রশ্ন ১৩ ১ $\triangle ABC$ -এর $\angle A$ -এর সমদ্বিখন্ডক AD, BC-কে D বিন্দুতে ছেদ করেছে। DA-এর সমান্তরাল CE রেখাংশ বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করেছে।


ক. তথ্য অনুসারে চিত্রটি অঙ্কন কর।

খ. প্রমাণ কর যে, $BD : DC = BA : AC$

গ. BC এর সমান্তরাল কোনো রেখাংশ AB ও AC কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করলে, প্রমাণ কর যে, $BD : DC = BP : CQ$ ।

সমাধান :

ক. উদ্দীপকের তথ্য অনুসারে নিচে চিত্রটি অঙ্কন করা হলো :



খ.

বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ -এর $\angle A$ -এর সমদ্বিখন্ডক BC বাহুকে D বিন্দুতে ছেদ করেছে। DA রেখার সমান্তরাল করে C বিন্দু দিয়ে CE রেখাংশ আঁকি যা বর্ধিত BA-কে E বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $BD : DC = BA : AC$

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) যেহেতু $DA \parallel CE$

[অঙ্কন]

$\angle BAD = \angle AEC$

[অনুরূপ কোণ]

এবং $\angle ACE = \angle CAD$

[একান্তর কোণ]

(২) কিন্তু $\angle BAD = \angle CAD$

[স্বীকার]

$\therefore \angle AEC = \angle ACE$

$\therefore AC = AE$

[সমান সমান কোণের বিপরীত

বাহুগুলো সমান]

(৩) আবার, যেহেতু $EC \parallel AD$


$\therefore \frac{BD}{DC} = \frac{BA}{AE}$

বা, $\frac{BD}{DC} = \frac{BA}{AC}$

[[২] থেকে]

$\therefore BD : DC = BA : AC$ (প্রমাণিত)

গ.



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ -এর $\angle A$ -এর সমদ্বিখন্ডক BC বাহুকে D বিন্দুতে ছেদ করেছে। DA রেখার সমান্তরাল করে C বিন্দু দিয়ে CE রেখাংশ আঁকি যা বর্ধিত BA-কে E বিন্দুতে ছেদ করেছে। BC-এর সমান্তরাল PQ রেখাংশ AB ও AC-কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $BD : DC = BP : CQ$

প্রমাণ :

ধাপ

যথার্থতা

(১) $\triangle ABC$ -এর $\angle A$ -এর সমদ্বিখন্ডক AD

$\therefore \frac{BD}{DC} = \frac{BA}{AC}$

[উপপাদ্য-৩]

(২) আবার, $PQ \parallel BC$

[অঙ্কন]

$\frac{AP}{PB} = \frac{AQ}{QC}$

বা, $\frac{AP + PB}{PB} = \frac{AQ + QC}{QC}$

[যোজন করে]

বা, $\frac{AB}{PB} = \frac{AC}{QC}$

বা, $\frac{AB}{AC} = \frac{PB}{QC}$


বা, $\frac{BD}{DC} = \frac{PB}{QC}$

[[১]নং থেকে]

বা, $BD : DC = PB : QC$

অর্থাৎ, $BD : DC = PB : QC$ (প্রমাণিত)

প্রশ্ন ১৪। চিত্রে ABC এবং DEF দুইটি সদৃশ ত্রিভুজ।



ক. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলোর নাম লেখ।


খ. প্রমাণ কর যে, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$

গ. যদি $BC = 3$ সে.মি., $EF = 8$ সে.মি., $\angle B = 60^\circ$, $\frac{BC}{AB} = \frac{3}{2}$ এবং $\Delta ABC = 3$ বর্গ সে.মি. হয়, তবে ΔDEF অঙ্কন কর এবং এর ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান :

ক. ত্রিভুজ দুটির অনুরূপ বাহু AB ও DE, AC ও DF, BC ও EF এবং অনুরূপ কোণগুলো হলো $\angle A$ ও $\angle D$, $\angle B$ ও $\angle E$, $\angle C$ ও $\angle F$

খ.



বিশেষ নির্বচন :

মনে করি, ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ। প্রমাণ করতে হবে যে,

$$\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$$

অঙ্কন : $AM \perp BC$ এবং $DN \perp EF$ আঁকি।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

$$(১) \Delta ABC = \frac{1}{2} \cdot BC \cdot AM$$

$$\text{এবং } \Delta DEF = \frac{1}{2} \cdot EF \cdot DN$$

$$(২) \therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} \cdot BC \cdot AM}{\frac{1}{2} \cdot EF \cdot DN} = \frac{BC \cdot AM}{EF \cdot DN}$$

(৩) কিন্তু ΔABM এবং ΔDEN এর মধ্যে

$$\angle B = \angle E, \quad [\text{স্বীকার}]$$

$$\angle AMB = \angle DNE \quad [\text{প্রত্যেকে এক সমকোণ}]$$

$\therefore \Delta ABM$ ও ΔDEN সদৃশকোণী এবং সদৃশ

$$\therefore \frac{AM}{DN} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$$

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC \cdot BC}{EF \cdot EF} = \frac{BC^2}{EF^2} \quad [২নং থেকে]$$

(৪) অনুরূপভাবে দেখানো যায় যে, $\frac{AB \cdot AB}{DE \cdot DE} = \frac{AC \cdot AC}{DF \cdot DF}$

$$\text{বা, } \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2}$$

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2} \quad (\text{প্রমাণিত})$$

(গ) দেওয়া আছে,

$$\frac{BC}{AB} = \frac{3}{2}$$

$$\text{বা, } AB = \frac{2}{3} BC = \frac{2}{3} \times 3 \quad [\because BC = 3 \text{ সে.মি.}]$$

$$= 2 \text{ সে.মি.}$$

$$\therefore AB = 2 \text{ সে.মি.}$$

আবার, ΔABC ও ΔDEF সদৃশ।

$$\therefore \frac{AB}{DE} = \frac{BC}{EF}$$


$$\text{বা, } \frac{2}{DE} = \frac{3}{8} \quad [\because BC = 3 \text{ সে. মি. এবং } EF = 8 \text{ সে. মি.}]$$

$$\text{বা, } 3DE = 16$$

$$\text{বা, } DE = \frac{16}{3} = 5.33 \text{ সে.মি.}$$

ΔDEF এবং $DE = 5.33$ সে. মি., $EF = 8$ সে. মি.

$\angle B = \angle E = 60^\circ$ ত্রিভুজটি আঁকতে হবে।



ΔDEF আঁকা হলো যার $\angle E = 60^\circ$, $EF = 8$ সে. মি. এবং $DE = 5.33$ সে. মি.

ΔDEF এর ক্ষেত্রফল নির্ণয় :

ΔABC ও ΔDEF সদৃশ।

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC^2}{EF^2} = \frac{3^2}{8^2} \quad [\text{দেওয়া আছে, } BC = 3 \text{ সে. মি. এবং } EF = 8 \text{ সে.মি.}]$$

$$\text{বা, } \frac{3}{\Delta DEF} = \frac{9}{64}$$

$$\text{বা, } \frac{1}{\Delta DEF} = \frac{3}{64}$$

$$\text{বা, } 3\Delta DEF = 64$$

$$\text{বা, } \Delta DEF = \frac{64}{3} \text{ বর্গ সে.মি.}$$

$$\therefore \Delta DEF = 21\frac{1}{3} \text{ বর্গ সে.মি.}$$

গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. ΔPQR ও ΔMNO সদৃশ হলে—

i. $\angle P = \angle M$, $\angle Q = \angle N$ এবং $\angle R = \angle O$ হবে

ii. $\frac{PQ}{MN} = \frac{QR}{NO} = \frac{PR}{MO}$ হবে

iii. Δ ক্ষেত্র PQR : Δ ক্ষেত্র MNO = OR^2 : NO^2 হবে

নিচের কোনটি সঠিক?

[দি. বো. '১৫]


● i ও ii

Ⓐ i ও iii

Ⓒ ii ও iii

Ⓑ i, ii ও iii

নিচের তথ্য অনুসারে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :



এখানে, $AB \parallel DC$

[ঢা. বো. ন. প্র. '১৫]

২. নিচের কোনটি সঠিক?

- $\frac{OA}{OD} = \frac{OB}{OC}$ ☐ $\frac{OD}{OB} = \frac{OC}{OA}$ ☐ $\frac{AB}{CD} = \frac{OD}{OA}$ ☐ $\frac{OC}{OB} = \frac{AB}{CD}$

৩. $CE : OE =$ কত?

- ☐ 1 : 1 ☐ x : x ● 3 : 4 ☐ 8 : 6

অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪.২ : সদৃশতা

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


৪. দুইটি বহুভুজ সদৃশ হলে তারা কী হবে? (সহজ)

- ☐ সদৃশ ● সদৃশকোণী
☐ বৈসদৃশ ☐ অসদৃশ

৫. সদৃশকোণী ত্রিভুজ সর্বদা কী হবে? (সহজ)

- ☐ অসদৃশ ☐ বিসদৃশ ● সদৃশ ☐ সমকোণ

৬.



চিত্রে, $\triangle ABC$ ও $\triangle DEF$ এর $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ হলে, নিচের কোনটি সঠিক?

(সহজ)

- ☐ $\angle A = \angle B$ ☐ $\angle B = \angle C$
● $\angle C = \angle F$ ☐ $\angle F = \angle D$

৭. দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে এবং এদের কোনো এক জোড়া অনুরূপ বাহু সমান হলে ত্রিভুজদ্বয় কী হয়? (সহজ)

- ☐ সমকোণী ☐ ষ্ঠুকোণী
☐ সূক্ষ্মকোণী ● সর্বসম

৮. $\triangle ABC$ এবং $\triangle DEF$ সদৃশ এবং $AB : DE = 2 : 3$ হলে


$AC : DF =$ কত? (মধ্যম)

- ☐ 1 : 2 ● 2 : 3
☐ 3 : 4 ☐ 4 : 5

ব্যাখ্যা : যেহেতু $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ

$$\therefore AC : DF = AB : DE = 2 : 3$$

৯.



উপরের ত্রিভুজ দুইটির ক্ষেত্রে কোনটি সঠিক? (মধ্যম)

- $\frac{AB}{DE} = \frac{AC}{DF}$ ☐ $\frac{AB}{DE} = \frac{AC}{EF}$ ☐ $\frac{AB}{DE} = \frac{DF}{BC}$ ☐ $\frac{AB}{DE} = \frac{BC}{DF}$

১০. $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ হলে, $\triangle ABC : \triangle DEF$ এর সমান নিচের কোনটি? (মধ্যম)

- $BC^2 : EF^2$ ☐ $AB^2 : AC^2$ ☐ $AC^2 : DE^2$ ☐ $BC^2 : DF^2$

ব্যাখ্যা : $\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ। সুতরাং তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত হবে যেকোনো দুই বাহুর উপর অঙ্কিত কর্ণক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাতের সমান।

১১. $\triangle ABC$ এবং $\triangle DEF$ সদৃশ এবং অনুরূপ বাহুদ্বয়ের অনুপাত 3 : 2 হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত? (মধ্যম)

- ☐ 6 : 4 ● 9 : 4 ☐ 7 : 3 ☐ 9 : 3

১২. $\triangle ABC$ এবং $\triangle DEF$ সদৃশ এবং $AB : DE = 3 : 4$ হলে, $BC : EF$ সমান নিচের কোনটি? (কঠিন)


- ☐ 1 : 2 ☐ 2 : 3 ● 3 : 4 ☐ 4 : 5

ব্যাখ্যা : দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক। যেহেতু

$\triangle ABC$ ও $\triangle DEF$ সদৃশ।

$$\therefore \frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF} = 3 : 4$$

১৩.




$\triangle ABC$ ও $\triangle DEF$ দুটি সদৃশ ত্রিভুজ। $\triangle ABC$ এর ক্ষেত্রফল 18 বর্গ সে.মি. এবং $\triangle DEF$ এর ক্ষেত্রফল 32 বর্গ সে.মি. হলে x এর মান কত সে.মি.? (কঠিন)

- ☐ 14 ☐ 12 ☐ 10 ● 8

ব্যাখ্যা : $\frac{\triangle ABC \text{ এর ক্ষেত্রফল}}{\triangle DEF \text{ এর ক্ষেত্রফল}} = \frac{6^2}{x^2}$ বা, $\frac{18}{32} = \frac{6^2}{x^2}$ বা, $x^2 = 64$ বা, $x = 8$

১৪.



$\triangle ABC$ -এ $EF \parallel BC$, $EF = 2$ সে.মি. এবং $BC = 4$ সে.মি. হলে, $\triangle AEF$ এবং $\triangle ABC$ -এর ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত কত? (মধ্যম)

- ☐ 1 : 2 ● 1 : 4 ☐ 2 : 3 ☐ 9 : 16

ব্যাখ্যা : $\frac{\triangle AEF \text{ এর ক্ষেত্রফল}}{\triangle ABC \text{ এর ক্ষেত্রফল}} = \frac{2^2}{4^2} = \frac{4}{16} = \frac{1}{4}$ $\therefore \triangle AEF : \triangle ABC = 1 : 4$

১৫. $\triangle ABC$ ও $\triangle DEF$ -এর $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ এবং $\angle A = 55^\circ$ হলে $\angle D =$ কত ডিগ্রি? (মধ্যম)

- ☐ 30 ☐ 45 ● 55 ☐ 60

১৬. $\triangle ABC$ ও $\triangle DEF$ এর $\angle A = \angle D$ এবং $\triangle ABC$ -এর ক্ষেত্রফল, $\triangle DEF$ -এর ক্ষেত্রফলের দ্বিগুণ হলে $AB.AC : DE.DF =$ কত? (মধ্যম)


- ☐ 1 : 2 ● 2 : 1 ☐ 1 : 4 ☐ 4 : 1

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. দুইটি চিত্র সর্বসম হলে সেগুলো সদৃশ
 ii. দুইটি চিত্র সদৃশ হলে সেগুলো সর্বসম নাও হতে পারে
 iii. দুইটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত ধ্রুবক
 নিচের কোনটি সঠিক? (সহজ)
 ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii


১৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :



চিত্রে, ABCD আয়ত ও PQRS বর্গ সদৃশকোণী। কারণ—

- i. উভয় চিত্রের বাহুর সংখ্যা 4
 ii. উভয়ের কোণগুলো সমান [প্রত্যেকে এক সমকোণ]
 iii. এদের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান
 নিচের কোনটি সঠিক? (সহজ)
 ● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯.



ΔABC ও ΔDEF সদৃশ হলে—


- i. ΔABC এর ক্ষেত্রফল 10 বর্গ সে.মি.
 ii. ΔDEF এর ক্ষেত্রফল 25.6 বর্গ সে.মি.
 iii. ΔDEF এর বাহু ΔABC এর অনুরূপ বাহুর 2 গুণ
 নিচের কোনটি সঠিক? (কঠিন)
 ● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. দুইটি ত্রিভুজের বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো সমান।
 ii. দুইটি ত্রিভুজের বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো অসমান
 iii. দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক
 নিচের কোনটি সঠিক? (কঠিন)
 ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের ত্রিভুজদ্বয় সদৃশ হলে ২১-২৩ নং প্রশ্নের উত্তর দাও :



২১. a এর মান কত? (মধ্যম)
 ● 3 খ) 6 গ) 9 ঘ) 12

ব্যাখ্যা : ত্রিভুজ দুটি সদৃশ হওয়ায়, $\frac{a}{8} = \frac{6}{16} \therefore a = \frac{6 \times 8}{16} = 3$

২২. b এর মান কত? (মধ্যম)

ক) 8 ● 9 গ) 12 ঘ) 16


ব্যাখ্যা : ত্রিভুজ দুটি সদৃশ হওয়ায়, $\frac{b}{24} = \frac{6}{16}$ বা, $b = \frac{6 \times 24}{16} = 9$

২৩. ΔABC ও ΔDEF এর ক্ষেত্রফলের অনুপাত কোনটি? (মধ্যম)

ক) 8 : 9 ● 9 : 64 গ) 24 : 64 ঘ) 9 : 36

ব্যাখ্যা : $\frac{\Delta ABC \text{ এর ক্ষেত্রফল}}{\Delta DEF \text{ এর ক্ষেত্রফল}} = \frac{6^2}{16^2} = \frac{36}{256} = \frac{9}{64}$

নিচের তথ্যের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



২৪. প্রদত্ত ত্রিভুজ দুইটিতে AC এর অনুরূপ বাহু নিচের কোনটি? (সহজ)

ক) EF ● DF গ) DE ঘ) DN

২৫. প্রদত্ত ΔABC এর ক্ষেত্রফল নিচের কোনটি? (সহজ)


ক) AB + BC খ) $\frac{1}{2} \times (AB + BC)$
 গ) $\frac{1}{2} \times (AM \times AB)$ ● $\frac{1}{2} \times (BC \times AM)$

১৪.৩ : নির্দিষ্ট অনুপাতে রেখাংশের বিভাজিকরণ

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. AB রেখাংশ X বিন্দুতে m : n অনুপাতে অন্তর্বিভক্ত হলে নিচের কোনটি সঠিক? (সহজ)

● m : n খ) m : 2n গ) 2m : n ঘ) m : $\frac{1}{2}$ n




AB = 8 হলে, BC = কত? (মধ্যম)

ক) 2.3 ● 3.2 গ) 1.6 ঘ) 2.6

২৮. $\frac{AX}{BX} = 1 : 2$ হলে, BX এর দৈর্ঘ্য AX এর কতগুণ? (সহজ)

ক) $\frac{1}{2}$ খ) 1 ● 2 ঘ) 4

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর



AB = 8 সে.মি. রেখাংশ x বিন্দুতে 1 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত হলে—

i. AX : XB = 1 : 3

ii. AX = 1 সে.মি.


iii. BX = 6 সে.মি.

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে ABCD একটি ট্রাপিজিয়াম। $AD = CD$, $AE \parallel CD$, $OD = 4$ সে.মি., $OB = 8$ সে.মি., $OA = 3$ সে.মি. AECD ক্ষেত্রের ক্ষেত্রফল 31.5 বর্গ সে.মি.।

৩০. $OC =$ কত সে.মি.?


- 6 ☒ 7 ☐ 7.5 ☒ 8.5

৩১. $DE =$ কত সে.মি.?

- ☒ 6 ● 7 ☐ 8 ☒ 9

নির্বাচিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর


৩২.



ত্রিভুজ দুটি সদৃশকোণী যার $\angle A = \angle D$; $\angle B = \angle E$ এবং $\angle C = \angle F$ হলে নিচের কোনটি সঠিক?

- ☒ $\frac{BC}{EF} = \frac{AC}{DE}$ ● $\frac{AB}{DE} = \frac{BC}{EF}$
 ☐ $\frac{AC}{DF} = \frac{AB}{BF}$ ☒ $\frac{AB}{BC} = \frac{DE}{BC}$

৩৩.



$\triangle ABC$ এর AB ও BC বাহুর মধ্যবিন্দু E ও F এবং $BC \parallel EF$ তাহলে $AE^2 : AB^2 =$ কত?

- 1:4 ☒ $1:\sqrt{2}$ ☐ 2:1 ☒ $\sqrt{2}:1$

৩৪. $\triangle ABC$ ও $\triangle DEF$ এর $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ হলে নিচের কোনটি?

- ☒ $\angle A = \angle D$, $\angle B = \angle F$
 ☒ $\angle A = 2\angle D$, $\angle B = 2\angle F$
 ● $\angle A = \angle D$, $\angle B = \angle B$, $\angle C = \angle F$
 ☒ $\angle A = 3\angle D$, $\angle B = 3\angle E$, $\angle C = 3\angle F$

৩৫. $\triangle ABC$ এ $AB = 2AC$, $\angle BAD = \angle CAD$ হলে \triangle ক্ষেত্র ABD \triangle ক্ষেত্র ADC = কত?

- 1:2 ☒ 2:1 ☐ 2:3 ☒ 3:2

৩৬. $\triangle ABC$ এবং $\triangle DEF$ সদৃশ এবং অনুরূপ বাহুদ্বয়ের অনুপাত 3:2 হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

- ☒ 5:1 ☒ 3:2 ☐ 8:2 ● 9:4

৩৭. দুইটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত –

- ☒ এক ☒ ভগ্নাংশ ● ধুবক ☒ শূন্য

৩৮. দুইটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত 4:9। তাদের একটির এক বাহু 36 সে. মি. হলে, অপরটির অনুরূপ বাহু কত সে.মি. হলো?

- ☒ 81 সে. মি. ● 54 সে. মি. ☐ 49 সে. মি. ☒ 64 সে.মি.

৩৯. দুটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ এক জোড়া বাহু সমান হলে ত্রিভুজদ্বয় কী হবে?

- ☒ সমান ● সর্বসম ☐ অসমান ☒ সমান্তরাল


৪০. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. বর্গ ও আয়ত সদৃশকোণী হলেও এরা সদৃশ নয়
 ii. দুটি সদৃশ ত্রিভুজ সর্বদা সদৃশকোণী
 iii. দুইটি সদৃশকোণী ত্রিভুজের একজোড়া অনুরূপ বাহু সমান হলে ত্রিভুজদ্বয় সর্বসম হবে

নিচের কোনটি সঠিক?

- ☒ i ও ii ☒ i ও iii ● ii ও iii ☒ i, ii ও iii

৪১. চিত্রে $BC \parallel$ হলে–




- i. $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$
 ii. $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$
 iii. $\frac{AB}{BC} = \frac{AC}{DE}$

নিচের কোনটি সঠিক?

- i ও ii ☒ i ও iii ☐ ii ও iii ☒ i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও :



$\triangle ABC$ এ $BC \parallel DE$


৪২. নিচের কোনটি সঠিক?

- ☒ $AD, BC = AE, BE$
 ☒ $AB, AC = BD, CD$
 ☐ $DE, BC = AD, AE$
 ● $AD, BD = AE, BC$

৪৩. $AB = 6$ সে.মি. $AC = 4.5$ সে.মি. এবং $AE = 2.7$ সে. মি. হয় তবে BD এর দৈর্ঘ্য নির্ণয় কর।

- ☒ 1.4 সে.মি. ● 2.4 সে.মি. ☐ 3.4 সে.মি. ☒ 4.5 সে.মি.

নিচের চিত্রের আলোকে ৪৪ ও ৪৫ নং প্রশ্নের উত্তর দাও :



৪৪. BC এর দূরত্ব কত?


- Ⓐ ২ Ⓑ ৩ ● ৫ Ⓒ ৬

৪৫. CE = কত?

- Ⓐ ২.৫ ● ২.৬৭ Ⓒ ৩.৫ Ⓓ ৩.৬৭

গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-১ ▶



চিত্রে AB = 6 cm, AC = 4 cm, CD = 2 cm এবং O, AD এর উপর যেকোনো বিন্দু। [ঢা. বো. '১৫]

- ক. $\triangle ABD$ ও $\triangle ACD$ সদৃশকোণী কি-না যুক্তিসহ লেখ। ২
খ. BD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, $\triangle AOB$: $\triangle AOC = 3$: 2 । ৪

▶▶ ১নং প্রশ্নের সমাধান ▶▶

প্রশ্ন অসম্পূর্ণ থাকায় উত্তর দেওয়া সম্ভব নয়।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-২ ▶ ABC ও DEF দুইটি সদৃশ ত্রিভুজ।

- ক. ত্রিভুজদ্বয়ের দুইটি অনুরূপ বাহু BC ও EF বাহুর উপর বিপরীত শীর্ষ A ও D হতে যথাক্রমে AG ও OH লম্ব ঐঁকে চিত্রসহ বর্ণনা লেখ। ২
খ. প্রমাণ কর ত্রিভুজের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত তাদের যে কোনো অনুরূপ বাহুর উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের অনুপাতের সমান। ৪
গ. $\triangle ABC = 27$ ব.সে.মি., $\triangle DEF = 21$ ব.সে.মি., BC = ৯ সে.মি. এবং $\triangle DHE$: $\triangle DHF = 1$: 2 হলে EH এবং FH এর মান বের কর। ৪

$\therefore \angle BAG = \angle EDH$

$\triangle ABG$ ও $\triangle DEH$ সদৃশকোণী, তাই সদৃশ।

$$(৩) \frac{h}{p} = \frac{AB}{DE} = \frac{BC}{EF} \quad [\triangle ABC \text{ ও } \triangle DEF \text{ সদৃশ}]$$

$$\therefore \frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{h}{p} \times \frac{BC}{EF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF} = \frac{BC^2}{EF^2} \text{ (প্রমাণিত)}$$

গ. দেওয়া আছে, $\triangle ABC = 27$ বর্গ সে.মি.

$\triangle DEF = 21$ বর্গ সে.মি.

BC = ৯ সে.মি.

এবং $\triangle DHE$: $\triangle DHF = 1$: 2

‘খ’ হতে পাই, $\frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{BC^2}{EF^2}$

$$\text{বা, } EF^2 = \frac{BC^2 \times \triangle DEF}{\triangle ABC} = \frac{9^2 \times 21}{27} = 63$$

$$\therefore EF = \sqrt{63} = 3\sqrt{7}$$

আবার, $\triangle DHE$: $\triangle DHF = 1$: 2

$$\text{বা, } \frac{\triangle DHE}{\triangle DHF} = \frac{1}{2} \text{ বা, } \frac{\frac{1}{2} \times EH \times DH}{\frac{1}{2} \times FH \times DH} = \frac{1}{2}$$

$$\text{বা, } \frac{EH}{FH} = \frac{1}{2} \text{ বা, } \frac{EH}{EF - EH} = \frac{1}{2}$$

$$\text{বা, } 2EH = EF - EH$$

$$\text{বা, } 2EH + EH = EF$$

$$\text{বা, } 3EH = EF$$


$$\text{বা, } EH = \frac{EF}{3} = \frac{3\sqrt{7}}{3} = \sqrt{7}$$

$$\therefore FH = 3\sqrt{7} - \sqrt{7} = \sqrt{7}(3 - 1) = 2\sqrt{7} = 5.29$$

$$EH = \sqrt{7} \text{ বা, } 2.64 \text{ সে.মি., } FH = 5.29 \text{ সে.মি.}$$

▶▶ ২নং প্রশ্নের সমাধান ▶▶

ক. মনে করি, ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের দুইটি অনুরূপ বাহু BC ও EF.



BC ও EF এর উপর যথাক্রমে AG ও DH লম্ব আঁকি।

মনে করি, AG = h, DH = p.

খ. প্রমাণ করতে হবে, $\triangle ABC$: $\triangle DEF = BC^2$: EF^2

প্রমাণ :

ধাপ

যথার্থতা

$$(১) \triangle ABC = \frac{1}{2}BC \cdot h \text{ এবং } \triangle DEF = \frac{1}{2}EF \cdot p$$

$$\therefore \frac{\triangle ABC}{\triangle DEF} = \frac{\frac{1}{2}BC \cdot h}{\frac{1}{2}EF \cdot p} = \frac{h \cdot BC}{p \cdot EF} = \frac{h}{p} \times \frac{BC}{EF}$$

(২) ABG এবং DEH ত্রিভুজদ্বয়ের $\angle B = \angle E$,

$\angle AGB = \angle DHE$


[এক সমকোণ]

প্রশ্ন-৩ ▶ দুইটি সদৃশকোণী ত্রিভুজ ABC ও DEF বিবেচনা কর।

ক. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলোর নাম লেখ। ২


- খ. প্রমাণ কর, তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক। 8
 গ. A থেকে BC বাহুর উপর AX এবং D থেকে EF বাহুর উপর DY লম্ব আঁক। এখন $AX = \frac{3}{2}DY$, $\angle B = 60^\circ$, $AB = 8$ সে.মি. এবং $BC = 9$ সে.মি. হলে $\triangle ABC : \triangle DEF =$ কত? 8

▶▶ তনং প্রশ্নের সমাধান ▶▶

- ক. 
 ABC ও DEF দুটি সদৃশকোণী ত্রিভুজ যাদের অনুরূপ বাহুগুলো হলো AB ও DE; AC ও DF এবং BC ও EF, অনুরূপ কোণগুলো হলো, $\angle A$ ও $\angle D$; $\angle B$ ও $\angle E$ এবং $\angle C$ ও $\angle F$ ।

ত্রিভুজদ্বয় সদৃশকোণী হওয়ায় $\angle A = \angle D$, $\angle B = \angle E$ এবং $\angle C = \angle F$ ।

- খ. প্রমাণ করতে হবে, $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$
 অঙ্কন : ABC ও DEF ত্রিভুজদ্বয়ের প্রত্যেক অনুরূপ বাহুয়ুগল অসমান বিবেচনা করি।



AB বাহুতে P বিন্দু এবং AC বাহুতে Q বিন্দু নিই যেন $AP = DE$ এবং $AQ = DF$ হয়। P ও Q যোগ করে অঙ্কন সম্পন্ন করি।

প্রমাণ :

ধাপ যথার্থতা

(১) $\triangle APQ$ ও $\triangle DEF$ এর $AP = DE$

$AQ = DF$, $\angle A = \angle D$ [বাহু-কোণ-বাহু সর্বসমতা]

অতএব, $\triangle APQ \cong \triangle DEF$

সুতরাং, $\angle APQ = \angle DEF = \angle ABC$ এবং

$\angle AQP = \angle DEF = \angle ACB$

অর্থাৎ PQ রেখাংশ ও BC বাহুকে AB বাহু ও AC

রেখা ছেদ করায় অনুরূপ কোণযুগল সমান হয়েছে।

সুতরাং, $PQ \parallel BC$;

$$\therefore \frac{AB}{AP} = \frac{AC}{AQ}$$

$$\text{বা, } \frac{AB}{DE} = \frac{AC}{EF} \quad \text{[উপপাদ্য-১]}$$


(২) একইভাবে BA বাহু ও BC বাহু থেকে যথাক্রমে ED রেখাংশ ও EF রেখাংশের সমান রেখাংশ কেটে নিয়ে দেখানো যায় যে, $\frac{BA}{ED} = \frac{BC}{EF}$

[উপপাদ্য-১]

$$\text{অর্থাৎ } \frac{AB}{DE} = \frac{BC}{EF}$$

$$\therefore \frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF} \quad \text{(প্রমাণিত)}$$

গ.



$AX \perp BC$ এবং $DY \perp EF$ অঙ্কন করি।

দেওয়া আছে, $AX = \frac{3}{2}DY$, $\angle B = 60^\circ$, $AB = 8$ সে.মি. এবং $BC = 9$ সে.মি.

ধাপসমূহ

(১) এখন $\triangle AXB$ -এ $\sin \angle B = \frac{AX}{AB}$

বা, $AX = AB \sin \angle B = 8 \sin 60^\circ$

$$= 8 \times \frac{\sqrt{3}}{2} = 4\sqrt{3}$$

(২) $AX = \frac{3}{2}DY$

বা, $DY = \frac{2}{3}AX = \frac{2}{3} \times 4\sqrt{3} = \frac{8\sqrt{3}}{3}$

(৩) যেহেতু $\angle B = \angle D \therefore \angle D = 60^\circ$

$\triangle DYE$ -এ $\sin 60^\circ = \frac{DY}{DE}$

বা, $DE = \frac{DY}{\sin 60^\circ} = \frac{8\sqrt{3}}{3} \times \frac{2}{\sqrt{3}} = \frac{16}{3}$

(৪) 'খ' থেকে পাই, $\frac{AB}{DE} = \frac{BC}{EF}$

বা, $EF = \frac{BC \times DE}{AB} = \frac{9 \times \frac{16}{3}}{8} = 6$

(৫) $\therefore \triangle ABC : \triangle DEF = \left(\frac{1}{2} \times BC \times AX\right) : \left(\frac{1}{2} \times EF \times DY\right)$

$$= \left(\frac{1}{2} \times 9 \times 4\sqrt{3}\right) : \left(\frac{1}{2} \times 6 \times \frac{8\sqrt{3}}{3}\right)$$

$$= 18\sqrt{3} : 8\sqrt{3} = 18 : 8 = 9 : 4$$

$\therefore \triangle ABC : \triangle DEF = 9 : 4$.

প্রশ্ন-৪ ▶ A ও B দুটি বিন্দু এবং m ও n যেকোনো স্বাভাবিক সংখ্যা। AB রেখায় এমন অনন্য বিন্দু D আছে যে, D বিন্দুটি A ও B বিন্দুর অন্তর্বর্তী এবং $AD : BD = m : n$.


ক. উপরের তথ্যগুলোর চিত্রসহ বর্ণনা লেখ। ২

খ. AB রেখাংশকে কীভাবে $m : n$ অনুপাতে অন্তর্বর্তিত্ব করতে হবে চিত্র ঐকে বর্ণনা দাও। ৪

গ. একটি নির্দিষ্ট ত্রিভুজের সদৃশ একটি ত্রিভুজ অঙ্কন কর যার বাহুগুলো মূল ত্রিভুজের বাহুগুলোর $\frac{3}{5}$ গুণ। ৪


▶▶ তনং প্রশ্নের সমাধান ▶▶

ক. সমতলে দুইটি ভিন্ন বিন্দু A ও B এবং m ও n যেকোনো স্বাভাবিক সংখ্যা হলে আমরা স্বীকার করে নিই যে, AB রেখায় এমন অনন্য বিন্দু D আছে যে, D বিন্দুটি A ও B বিন্দুর অন্তর্বর্তী। চিত্রে, AB রেখাংশ D বিন্দুতে $m : n$ অনুপাতে অন্তর্বর্তিত্ব হয়েছে। তাহলে $AD : BD = m : n$.



খ. AB রেখাংশকে $m : n$ অনুপাতে অন্তর্বিভক্ত করতে হবে।


অঙ্কনের বিবরণ : A বিন্দুতে যেকোনো কোণ $\angle BAX$ অঙ্কন করি এবং AX রশ্মি থেকে পরপর $AE = m$ এবং $EC = n$ অংশ কেটে নিই। B, C যোগ করি। E বিন্দু দিয়ে CB এর সমান্তরাল ED রেখাংশ অঙ্কন করি যা AB কে D বিন্দুতে ছেদ করে। তাহলে AB রেখাংশ D বিন্দুতে $m : n$ অনুপাতে অন্তর্বিভক্ত হলো।



গ. ধরি, ABC একটি নির্দিষ্ট ত্রিভুজ। এমন একটি ত্রিভুজ AMN আঁকতে হবে যেখানে ত্রিভুজদ্বয় সদৃশ। সুতরাং $\angle A = \angle A$, AB বাহু বরাবর AM এবং AC বাহু বরাবর AN বিবেচনা করি যেখানে, $AB \times \frac{3}{5} = AM$

বা, $\frac{AB}{AM} = \frac{5}{3}$ বা, $AB : AM = 5 : 3$

এখন, AB বাহুকে 'খ' এর অঙ্কনের বিবরণ অনুযায়ী M বিন্দুতে $5 : 3$ অনুপাতে অন্তর্বিভক্ত করি।



একইভাবে AC বাহুকে N বিন্দুতে $5 : 3$ অনুপাতে অন্তর্বিভক্ত করি। M, N যোগ করি।


সুতরাং $\triangle AMN$ -ই নির্ণেয় ত্রিভুজ।

প্রশ্ন-৫ মনে কর ABC ও DEF দুইটি সদৃশকোণী ত্রিভুজ।

- ক. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলোর নাম লেখ। ২
 খ. দেখাও যে, তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক। ৪
 গ. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু যথাক্রমে BC ও EF হলে প্রমাণ কর যে, $\triangle ABC : \triangle DEF = BC^2 : EF^2$ । ৪

▶▶ ওং প্রশ্নের সমাধান ▶▶

ক.



ABC ও DEF ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু যথাক্রমে-

AB এর অনুরূপ DE

AC এর অনুরূপ DF


BC এর অনুরূপ EF

আবার, $\angle ABC$ -এর অনুরূপ কোণ $\angle DEF$

$\angle BAC$ এর অনুরূপ কোণ $\angle EDF$

$\angle ACB$ এর অনুরূপ কোণ $\angle DFE$

খ. বিশেষ নির্বাচন : মনে করি, ABC ও DEF ত্রিভুজদ্বয়ের $\angle A = \angle D$, $\angle B = \angle E$ এবং $\angle C = \angle F$ প্রমাণ করতে হবে যে, $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$



অঙ্কন : ABC ও DEF ত্রিভুজদ্বয়ের প্রত্যেক অনুরূপ বাহুগুল অসমান বিবেচনা করি। AB বাহুতে P বিন্দু এবং AC বাহুতে Q বিন্দু নিই যেন $AP = DE$ এবং $AQ = DF$ হয়। P ও Q যোগ করে অঙ্কন সম্পন্ন করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

১. $\triangle APQ$ ও $\triangle DEF$ এর $AP =$

[অঙ্কনানুসারে]

$DE, AQ = DF$

$\angle A = \angle D$

[কল্পনা]

অতএব, $\triangle APQ \cong \triangle DEF$

[বাহু-কোণ-বাহুর

সুতরাং $\angle APQ = \angle DEF =$

সর্বসমতা]

$\angle ABC$ এবং $\angle AQP =$

$\angle DFE = \angle ACB$.

অর্থাৎ, PQ রেখাংশ ও BC

বাহুকে AB বাহু ও AC রেখা

ছেদ করায় অনুরূপ কোণযুগল

সমান হয়েছে।

সুতরাং $PQ \parallel BC$

[ত্রিভুজের কোনো বাহুর

সমান্তরাল সরলরেখা ঐ

ত্রিভুজের অপর বাহুদ্বয়কে

সমান অনুপাতে বিভক্ত

করে]

$$\therefore \frac{AB}{AP} = \frac{AC}{AQ}$$

$$\text{বা, } \frac{AB}{DE} = \frac{AC}{DF}$$

২. একইভাবে BA বাহু ও BC বাহু

[ত্রিভুজের কোনো বাহুর

সমান্তরাল সরলরেখা ঐ

ত্রিভুজের অপর বাহুদ্বয়কে

সমান অনুপাতে বিভক্ত

করে]

$$\frac{BA}{ED} = \frac{BC}{EF}$$


$$\text{অর্থাৎ } \frac{AB}{DE} = \frac{BC}{EF}$$

$$\therefore \frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$$

(দেখানো হলো)

গ. মনে করি, $\triangle ABC$ ও $\triangle DEF$ ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের দুইটি অনুরূপ বাহু BC ও EF.

প্রমাণ করতে হবে $\triangle ABC : \triangle DEF = BC^2 : EF^2$



প্রমাণ :

ধাপ

১. $\Delta ABC = \frac{1}{2} BC \times AM$ [ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং $\Delta DEF = \frac{1}{2} EF \times DN$

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} BC \times AM}{\frac{1}{2} EF \times DN}$$

$$= \frac{BC}{EF} \times \frac{AM}{DN}$$

২. ΔABM এবং ΔDEN ত্রিভুজদ্বয়ের [ΔABC ও ΔDEF সদৃশ]

$\angle B = \angle E$

$\angle AMB = \angle DNE$ [প্রত্যেকেই এক সমকোণ]

ΔABM ও ΔDEN সদৃশকোণী, তাই সদৃশ

৩. $\frac{AM}{DN} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$ [কারণ, ΔABC ও ΔDEF সদৃশ]

$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF} = \frac{BC^2}{EF^2}$ [ধাপ (৩) হতে]

$\therefore \Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$ (প্রমাণিত)


নির্বাচিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-৬ ▶ AC ও DB সরলরেখা দুইটি Q বিন্দুতে পরস্পর লম্বভাবে ছেদ করেছে। $A, B; B, C; C, D; D, A$ যোগ করা হলো।

- ক. উপযুক্ত তথ্য অনুসারে জ্যামিতিক চিত্র অঙ্কন কর। ২
- খ. $DQ = BQ = 2AQ = \frac{1}{2} QC$ হলে, প্রমাণ কর যে, $AD \perp DC$. 8
- গ. B বিন্দু দিয়ে AD এর সমান্তরাল BE সরলরেখা এমনভাবে আঁকা হলো যেন, $BE = 4AD$ এবং $\angle DAE = \angle AEB$ । প্রমাণ কর যে, $AE = 5AF$. 8

▶▶ ৬নং প্রশ্নের সমাধান ▶▶

ক.



দেওয়া আছে, AB ও CD সরলরেখা দুইটি Q বিন্দুতে পরস্পর লম্বভাবে ছেদ করেছে। $A, B; B, C; C, D; D, A$ যোগ করা হলো।
এ তথ্য অনুসারে উপযুক্ত চিত্রটি আঁকা হলো।

- খ. $DQ = BQ = 2AQ = \frac{1}{2} QC$ হলে, প্রমাণ করতে হবে যে, $AD \perp DC$ ।

প্রমাণ : যেহেতু $DQ = BQ = 2AQ = \frac{1}{2} QC$

$$\therefore QC = 2DQ$$

$$= 2 \cdot 2AQ$$

$$= 4AQ$$

$$\therefore AC = AQ + QC$$

$$= AQ + 4AQ$$

$$= 5AQ$$

এখন, ADQ সমকোণী ত্রিভুজে

$$AD^2 = AQ^2 + DQ^2$$

$$= AQ^2 + (2AQ)^2$$

$$= AQ^2 + 4AQ^2$$

$$\therefore AD^2 = 5AQ^2 \dots\dots\dots (i)$$

এবং ΔCDQ সমকোণী ত্রিভুজে

$$\therefore CD^2 = QC^2 + DQ^2$$

$$= (4AQ)^2 + (2AQ)^2$$

$$= 16AQ^2 + 4AQ^2$$

$$\therefore CD^2 = 20AQ^2 \dots\dots\dots (ii)$$

(i) ও (ii) সমীকরণ যোগ করে পাই,

$$AD^2 + CD^2 = 5AQ^2 + 20AQ^2$$

$$= 25AQ^2$$

$$= (5AQ)^2$$


$$= AC^2$$

$$\therefore AD^2 + CD^2 = AC^2$$

$$\therefore \angle ADC \text{ সমকোণী।}$$

$$\therefore AD \perp DC \text{ (প্রমাণিত)}$$

গ.



দেওয়া আছে, B বিন্দু দিয়ে AD এর সমান্তরাল BE সরলরেখা এমনভাবে আঁকা হলো যেন, $BE = 4AD$ ও $\angle DAE = \angle AEB$ । AE ও BD বাহুদ্বয়ের ছেদবিন্দু F । প্রমাণ করতে হবে যে, $AE = 5AF$

প্রমাণ : ΔADF ও ΔBEF এ

$$\angle DAE = \angle AEB$$

$$\angle AFD = \angle BFE$$

$$\text{এবং } \angle ADF = \angle FBE$$

$\therefore \Delta ADF$ ও ΔBEF ত্রিভুজদ্বয় সদৃশকোণী ও তাই সদৃশ।

$$\therefore \frac{BE}{AD} = \frac{EF}{AF}$$

$$\text{বা, } \frac{4AD}{AD} = \frac{EF}{AF}$$

$$\text{বা, } 4 = \frac{EF}{AF}$$

$$\text{বা, } \frac{EF + AF}{AF} = \frac{4 + 1}{1} \text{ [যোজন করে]}$$

$$\text{বা, } \frac{AE}{AF} = 5$$

$$\therefore AE = 5AF \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন-৭ ▶ দুইটি ত্রিভুজের একটির এক কোণ অপরটির এক কোণের সমান এবং সমান সমান কোণ সংলগ্ন বাহুগুলো সমাণুপাতিক।

ক. চিত্রসহ তথ্যগুলোর বিবরণ লেখ। ২

খ. প্রমাণ কর যে, ত্রিভুজদ্বয় সদৃশ। ৪

গ. ABC একটি ত্রিভুজ যার $\angle B = 60^\circ$, $AB = 30$ সে. মি. এবং $\frac{BC}{AB} = \frac{3}{2}$

। এমন একটি সদৃশ ত্রিভুজ DEF আঁক যার $EF = 8$ সে. মি. এবং $\angle B = \angle E$ । ৪

প্রশ্ন-৮ ▶ ABC ত্রিভুজের AD ও BE মধ্যমার পরস্পর G বিন্দুতে ছেদ করে। G বিন্দুর মধ্য দিয়ে অঙ্কিত DE এর সমান্তরাল রেখাংশ AC কে F বিন্দুতে ছেদ করে।

ক. চিত্রসহ তথ্যগুলোর বিবরণ দাও। ২

খ. প্রমাণ কর, $AC = 6EF$ । ৪

গ. $\angle C = 30^\circ$, $BC = 20$ সে. মি. এবং $EF = 3$ সে. মি. হলে ΔABC এর ক্ষেত্রফল এবং AB এর মান নির্ণয় কর। ৪

উত্তর : গ. 10-02 সে. মি. (প্রায়)

প্রশ্ন-৯ ▶ একটি সমকোণী ত্রিভুজের সমকোণীক শীর্ষ হতে অতিভুজের উপর লম্ব আঁকলে দুইটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন হয়। ত্রিভুজটির বাহু তিনটির দৈর্ঘ্য যথাক্রমে 15 সে.মি., 20 সে.মি., 25 সে.মি.।


ক. প্রদত্ত তথ্যানুসারে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, উৎপন্ন ত্রিভুজদ্বয় মূল ত্রিভুজের সদৃশ। ৪

গ. উৎপন্ন ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

উত্তর : গ. 9 : 11

প্রশ্ন-১০ ▶



চিত্রে $AB = 4$ মিটার, AB ও CD এর মধ্যে লম্ব দূরত্ব 4 মিটার, $CD = 4AB$ এবং $AB \parallel CD$

ক. A, D ও B, C যোগ করে উৎপন্ন ক্ষেত্রের ক্ষেত্রফল কত? ২

খ. $\angle B = \angle D$ হলে প্রমাণ কর যে, $BD = 5BP$ । ৪

গ. প্রমাণ কর যে, $AP \cdot PC = BP \cdot PD$ । ৪

উত্তর : ক. 40 বর্গমিটার

প্রশ্ন-১১ ▶ ΔABC এর AD মধ্যমার মধ্যবিন্দু E এবং BE এর বর্ধিতাংশ AC কে F বিন্দুতে ছেদ করে।

ক. D বিন্দু দিয়ে $DH \parallel BF$ আঁক এবং চিত্রসহ বিবরণ দাও। ২

খ. প্রমাণ কর, $CH = AF$ ৪


গ. $AF = 5$ সে. মি. এবং $EF = 4$ সে. মি. হলে AC ও BF এর মান নির্ণয় কর। ৪

অনুশীলনী ১৪.৩

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

■ প্রতিসমতা


প্রতিসমতা একটি প্রয়োজনীয় জ্যামিতিক ধারণা যা প্রকৃতিতে বিদ্যমান এবং যা আমাদের কর্মকাণ্ডে প্রতিনিয়ত ব্যবহার করে থাকি। প্রতিসমতার ধারণাকে শিল্পী, কারিগর, ডিজাইনার, সূতাররা প্রতিনিয়ত ব্যবহার করে থাকেন। যদি কোনো সরলরেখা বরাবর কোনো চিত্র ভাঁজ করলে তার অংশ দুইটি সম্পূর্ণভাবে মিলে যায় সেক্ষেত্রে সরলরেখাটিকে প্রতিসাম্য রেখা বলা হয়।



উপরের চিত্রগুলোর প্রতিটির প্রতিসাম্য রেখা রয়েছে। শেষের চিত্রটির একাধিক প্রতিসাম্য রেখা রয়েছে।

■ সুষম বহুভুজের প্রতিসাম্য রেখা


বহুভুজ কতকগুলো রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্র। বহুভুজের রেখাংশগুলোর দৈর্ঘ্য সমান ও কোণগুলো সমান হলে তাকে সুষম বহুভুজ বলা হয়।



প্রত্যেক সুষম বহুভুজ একটি প্রতিসম চিত্র। সুতরাং তাদের প্রতিসাম্য রেখার সম্পর্কে জানা আবশ্যিক। সুষম বহুভুজের অনেক বাহুর পাশাপাশি একাধিক প্রতিসাম্য রেখা রয়েছে।

তিনটি প্রতিসাম্য রেখা	চারটি প্রতিসাম্য রেখা	পাঁচটি প্রতিসাম্য রেখা	ছয়টি প্রতিসাম্য রেখা
সমবাহু ত্রিভুজ	বর্গক্ষেত্র	সুষম পঞ্চভুজ	সুষম ষড়ভুজ

কোনো জ্যামিতিক চিত্রের প্রতিসাম্য রেখা তখনই থাকে, যখন তার অর্ধাংশের প্রতিচ্ছবি বাকি অর্ধাংশের সাথে মিলে যায়। এজন্য প্রতিসাম্য রেখা নির্ণয়ে কাল্পনিক আয়নার অবস্থান রেখার সাহায্য নেয়া হয়। রেখা প্রতিসমতাকে প্রতিফলন প্রতিসমতাও বলা হয়।



অনুশীলনীর প্রশ্ন ও সমাধান


প্রশ্ন ১১ নিচের চিত্রসমূহের কোনটির প্রতিসাম্য রেখা রয়েছে?

(ক) বাড়ির চিত্র (খ) মসজিদের চিত্র (গ) মন্দিরের চিত্র (ঘ) গীর্জার চিত্র (ঙ)
প্যাগোডার চিত্র (চ) পার্লামেন্ট ভবনের চিত্র (ছ) মুখোশের চিত্র (জ) তাজমহলের
চিত্র


সমাধান :

- (ক) প্রতিসাম্য রেখা নেই। (ঙ) প্রতিসাম্য রেখা আছে।
(খ) প্রতিসাম্য রেখা আছে। (চ) প্রতিসাম্য রেখা আছে।
(গ) প্রতিসাম্য রেখা আছে। (ছ) প্রতিসাম্য রেখা আছে।
(ঘ) প্রতিসাম্য রেখা আছে। (জ) প্রতিসাম্য রেখা আছে।


প্রশ্ন ১২ প্রতিসাম্য রেখা দেওয়া আছে, অন্য ফুটকি প্রদর্শন কর :




সমাধান : প্রতিসাম্য রেখার সাপেক্ষে প্রদত্ত চিত্রগুলোর অন্য ফুটকি প্রদর্শন করা হলো :




প্রশ্ন ১৩ প্রতিসাম্য রেখা দেওয়া আছে (ড্যাশযুক্ত রেখা), জ্যামিতিক চিত্র সম্পূর্ণ কর এবং শনাক্ত কর।




সমাধান : প্রতিসাম্য রেখার সাপেক্ষে প্রদত্ত জ্যামিতিক চিত্রগুলো সম্পূর্ণ করে তাদের শনাক্ত করা হলো :




প্রশ্ন ১৪ নিচের জ্যামিতিক চিত্রে প্রতিসাম্য রেখা নির্দেশ কর :




সমাধান : প্রদত্ত জ্যামিতিক চিত্রগুলোর প্রতিসাম্য রেখা টেনে নির্দেশ করা হলো :



প্রশ্ন ১৫ নিচের অসম্পূর্ণ জ্যামিতিক চিত্র সম্পূর্ণ কর যেন আয়না রেখা সাপেক্ষে প্রতিসম হয় :




সমাধান : অসম্পূর্ণ জ্যামিতিক চিত্রসমূহ রেখা দ্বারা সম্পূর্ণ করা হলো যা আয়না রেখা সাপেক্ষে প্রতিসম।



প্রশ্ন ১৬ নিচের জ্যামিতিক চিত্রের প্রতিসাম্য রেখার সংখ্যা নির্ণয় কর :

(ক) সমদ্বিবাহু ত্রিভুজ (খ) বিষমবাহু ত্রিভুজ (গ) বর্গক্ষেত্র (ঘ) রম্বস
(ঙ) সুষম ষড়ভুজ (চ) পঞ্চভুজ (ছ) বৃত্ত

সমাধান :



চিত্র : সমদ্বিবাহু ত্রিভুজ

(ক)

সমদ্বিবাহু ত্রিভুজের প্রতিসাম্য রেখা একটি।


(খ)



চিত্র : বিষমবাহু ত্রিভুজ

বিষমবাহু ত্রিভুজের কোনো প্রতিসাম্য রেখা নেই।


(গ)



চিত্র : বর্গক্ষেত্র

বর্গক্ষেত্রের প্রতিসাম্য রেখার সংখ্যা চার।


(ঘ)



চিত্র : রম্বস

রম্বসের প্রতিসাম্য রেখার সংখ্যা দুই।

(ঙ)




চিত্র : সুষম ষড়ভুজ

একটি সুষম ষড়ভুজের প্রতিসাম্য রেখা ছয়টি।

(চ)


৭. নিচের কোনটিতে প্রতিসমতা বিদ্যমান? (সহজ)
- ক) শামুক ● টেবিল গ) ট্রাপিজিয়াম গ) S
৮. নিচের কোনটি অপ্রতিসম? (সহজ)
- ক) ফুল গ) মোচাক ● শামুক গ) চেয়ার
৯. কোনো সরলরেখা বরাবর একটি চিত্রকে ভাঁজ করলে চিত্রটির উভয় অংশ হুবহু মিলে যাবে তখন সরলরেখাটিকে কী রেখা বলা হবে? (সহজ)
- প্রতিসাম্য গ) জ্যামিতিক
- গ) অনুভূমিক গ) উল্লম্ব
১০. নিচের কোনটির অনুভূমিক ও উল্লম্ব উভয় আয়নার প্রতিসমতা রয়েছে? (সহজ)
- ক) G ● I গ) A গ) P
১১. নিচের কোনটি অপ্রতিসম? (সহজ)
- ক) A গ) B গ) D ● S
- ব্যাখ্যা : S এর প্রতিসাম্য রেখা নেই।
১২. অর্ধবৃত্তের কয়টি প্রতিসাম্য রেখা রয়েছে? (সহজ)
- 1 গ) 2 গ) 3 গ) 4
১৩. নিচের কোনটি অপ্রতিসম হতে পারে? (সহজ)
- ক) বৃত্ত গ) রম্বস গ) আয়ত ● ট্রাপিজিয়াম

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪. নিচের তথ্যগুলো লক্ষ কর :
- i. গাছের পাতা, ফুল, মোচাকের প্রতিসমতা আছে
- ii.  এর একাধিক প্রতিসমতা আছে
- iii. S এর প্রতিসাম্য রেখা নেই
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ক) i ও ii গ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii
১৫. প্রতিসমতার ক্ষেত্রে নিচের তথ্যগুলো লক্ষ কর :
- i. রেখা ও প্রতিফলন প্রতিসমতা একই
- ii. ইংরেজি 'M' বর্ণের প্রতিসাম্য রেখা একটি
- iii. ইংরেজি 'O' বর্ণটি অপ্রতিসম
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- i ও ii গ) i ও iii গ) ii ও iii গ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ১৬ – ১৮ নং প্রশ্নের উত্তর দাও :



১৬. কত নম্বর চিত্রটির শুধু উল্লম্ব আয়নার সাপেক্ষে প্রতিসম? (সহজ)
- ক) 4 গ) 3 গ) 2 ● 1
১৭. কোন কোন চিত্রের অনুভূমিক ও উল্লম্ব আয়না সাপেক্ষে প্রতিসমতা রয়েছে? (মধ্যম)
- ক) 1 ও 2 গ) 1 ও 3 ● 2 ও 4 গ) 3 ও 4
১৮. কত নম্বর চিত্রের শুধু অনুভূমিক আয়না সাপেক্ষে প্রতিফলন প্রতিসমতা রয়েছে? (সহজ)
- ক) 1 গ) 2 ● 3 গ) 4

১৪.৫ : সুষম বহুভুজের প্রতিসাম্য রেখা

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. সবচেয়ে কমসংখ্যক রেখাংশ নিয়ে গঠিত বহুভুজ নিচের কোনটি? (সহজ)
- ত্রিভুজ গ) চতুর্ভুজ
- গ) বর্গক্ষেত্র গ) সুষম পঞ্চভুজ
২০. নিচের কোনটি প্রতিসম? (মধ্যম)
- ক) বিষমবাহু ত্রিভুজ গ) যেকোনো সমকোণী ত্রিভুজ
- সুষম বহুভুজ গ) যেকোনো চতুর্ভুজ
২১. কতকগুলো রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে কী বলে? (সহজ)
- ক) ত্রিভুজ গ) চতুর্ভুজ ● বহুভুজ গ) রেখা
২২. প্রত্যেক সুষম বহুভুজ কী ধরনের চিত্র? (মধ্যম)
- প্রতিসম গ) বর্গ গ) আয়ত গ) রম্বস
২৩. কোনটি সুষম চতুর্ভুজ? (মধ্যম)
- ক) রম্বস গ) আয়তক্ষেত্র গ) সামান্তরিক ● বর্গক্ষেত্র
২৪. সমবাহু ত্রিভুজের প্রতিসাম্য রেখা কয়টি? (মধ্যম)
- ক) 1 গ) 2 ● 3 গ) 4
২৫. একটি বর্গক্ষেত্রের প্রতিসাম্য রেখা কয়টি? (মধ্যম)
- ক) 1 গ) 2 গ) 3 ● 4
২৬. একটি সুষম পঞ্চভুজের প্রতিসাম্য রেখা কয়টি? (মধ্যম)
- ক) 4 ● 5 গ) 6 গ) 7
২৭. সুষম ষড়ভুজের প্রতিসাম্য রেখা কয়টি? (মধ্যম)
- ক) 4 গ) 5 ● 6 গ) 7
২৮. সুষম পঞ্চভুজের ১টি কোণের মান কত? (কাঠিন্য)
- ক) 100° গ) 102° ● 108° গ) 120°
২৯. সুষম পঞ্চভুজের পাঁচকোণের সমষ্টি কত? (কাঠিন্য)
- ক) 360° গ) 380° গ) 420° ● 540°
৩০. ষড়ভুজের ছয় কোণের সমষ্টি কত ডিগ্রি? (কাঠিন্য)
- ক) 450° ● 720° গ) 820° গ) 930°
৩১. নিচের কোনটিতে সঠিকভাবে সকল প্রতিসাম্য রেখা দেখানো হয়েছে? (সহজ)



৩২.




উপরিউক্ত চিত্রে প্রতিসাম্য রেখা দেওয়া আছে (ড্যাশযুক্ত রেখা)। সম্পূর্ণ জ্যামিতিক চিত্র নিচের কোনটি? (সহজ)



৩৩.




চিত্রে প্রতিসাম্য রেখা (ড্যাশযুক্ত রেখা) দেওয়া আছে। অপর ফুটকির সঠিক অবস্থান নিচের কোনটিতে দেখানো হয়েছে? (মধ্যম)



৩৪. নিচের কোনটিতে সঠিকভাবে সকল প্রতিসাম্য রেখা দেখানো হয়েছে?

(সহজ)




৩৫.




যুড়িটিকে প্রতিসাম্য রেখার সাপেক্ষে সম্পূর্ণ করলে নিম্নের কোনটি হবে?

(সহজ)



৩৬.



উপরিউক্ত চিত্রে প্রতিসাম্য রেখা দেওয়া আছে (ড্যাশযুক্ত রেখা)। সম্পূর্ণ চিত্র নিচের কোনটি?

(সহজ)



বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- বহুভুজ কতকগুলো রেখা দ্বারা আবদ্ধ চিত্র
- প্রতিসাম্যের একক নেই
- প্রতিসাম্য একটি ভগ্নাংশ সংখ্যা

নিচের কোনটি সঠিক?

(সহজ)

- i ও ii ☒ i ও iii ☒ ii ও iii ☒ i, ii ও iii

৩৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- বিষমবাহু ত্রিভুজের প্রতিসমতা নেই
- ইংরেজি বর্ণমালা 'W' এর প্রতিসমতা নেই
- ট্রাপিজিয়ামের প্রতিসমতা নেই

নিচের কোনটি সঠিক?

(সহজ)

- ☒ i ও ii ● i ও iii ☒ ii ও iii ☒ i, ii ও iii

৩৯. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- আয়তক্ষেত্রের ২টি প্রতিসাম্য রেখা
- বর্গক্ষেত্রের চারটি প্রতিসাম্য রেখা আছে
- চার বাহু বিশিষ্ট সুসম বহুভুজ হলো বর্গক্ষেত্র

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- ☒ i ও ii ☒ i ও iii ☒ ii ও iii ● i, ii ও iii

৪০. কোনো বহুভুজকে তখনই সুসম বহুভুজ বলা হয় যখন-

- বাহুগুলোর দৈর্ঘ্য সমান
- মধ্যবর্তী কর্ণগুলো সমান
